THE

PILGRIM'S PROGRESS

FROM

This World

TO

THAT WHICH IS TO COME.

BY JOHN BUNYAN.

PART II.

TRANSLATED INTO BENGALEE,

BY F. CAREY.

SERAMPORE:

PRINTED AT THE MISSION PRESS,

1822.

যাত্রিরদের অগ্রেসরণ বিবরণ।

অর্থাৎ

ইহলোকহইতে পরলোকে গমনবিবরণ।

তদ্দ্বিতীয় ভাগ।

বিশেষতঃ

॥ ১ ॥ খ্রীষ্টীয়ানের ভার্য্যার এবং সন্ততিরদের নির্গমন।
॥ ২ ॥ তাহারদের সঙ্কটযুক্ত পথে গমন বিবরণ। এবং
॥ ৩ ॥ বাঞ্ছিত দেশেতে তাহারদের স্বচ্ছন্দপূর্ব্বক পর্য্যটনবিবরণ।

যোহন বন্যান্ কর্ত্তৃক স্বপ্নলভ্য এই গ্রন্থ রচিত হইয়াছে।

ফিলিক্স্ কেরি সাহেবকর্ত্তৃক বাঙ্গালাভাষাতে অর্থসংগৃহীত।

শ্রীরামপুরে ছাপা হইল।

ইংগ্লণ্ডীয় সন ১৮২২ শাল। বাং সন ১২২৯ শাল।

এতদ্গ্রন্থের দ্বিতীয়ভাগনির্ঘণ্ট।

নবমাধ্যায়।

দশমাধ্যায়।

একাদশাধ্যায়।

দ্বাদশাধ্যায়।

ত্রয়োদশাধ্যায়।

চতুর্দ্দশাধ্যায়।

পঞ্চদশাধ্যায়।

এবং অন্ততঃ

দ্বিতীয় ভাগ।

প্রথমাধ্যায়।

খ্রীষ্টীয়ানীর আত্ম চারিসন্তানকে এবং এক প্রতিবাসিকে সঙ্গে করিয়া যাত্রায় নির্গমন বিবরণ।

হে পাঠক মহাশয় খ্রীষ্টীয়ান নাম যাত্রিবিষয়ক এবং স্বর্গীয় রাজ্যপতি তাহার অত্যাপদগ্রস্ত যাত্রাবিষয়ক স্বপ্ন তোমাকে জ্ঞাত করাওনে কতককাল পূর্ব্বে আমার অতিশয় আহ্লাদ এবং তোমার অতিলাভ জন্মিয়াছিল। সে সময়েও তাহার স্ত্রী এবং সন্তানবিষয়ে এবং তাহারা তাহার সহিত যাত্রাকরণে কি প্রকার অসম্মত ছিল এতদ্বিষয়ে আমি যাহা২ দেখিয়াছিলাম তাহা তোমাকে কহিয়াছিলাম বিশেষতঃ সে সময়ে খ্রীষ্টীয়ানের তাহারদিগকে পরিত্যাগ করিয়া যাত্রা করিতে হইল যেহেতুক সর্ব্বনাশনাম নগরে তাহারদের সহিত থাকনে যে সর্ব্বনাশ উপস্থিত হওনের আশঙ্কা ছিল সে সর্ব্বনাশ ভোগকরণে তাহার সাহস কুলাইল না অতএব সে সময়ে তোমাকে যেরূপ কহিয়াছি তদ্রূপ সে তাহারদিগকে ত্যাগ করিয়া প্রস্থান করিল।

তৎপরে আমার বহুকার্য্যপ্রযুক্ত ঐ খ্রীষ্টীয়ান যে২ স্থানে যাত্রা করিয়াছিল সে২ স্থানে ব্যবহারানুসারে গমনে বহুপ্রকার নিবারিত

প্রযুক্ত সে কাহাকেং ত্যাগ করিয়া গিয়াছিল এতদ্বিবরণ যে আমি প্রকাশ করি তাহাতে অদ্যাপর্য্যন্ত অবকাশপ্রাপ্ত হই নাই কিন্তু এদিগে আমার সে অঞ্চলে যৎকিঞ্চিৎ কার্য্যোপস্থিতপ্রযুক্ত আমি সে দিগে পুনর্ব্বার গিয়াছিলাম তাহাতে কোনো এক সময়ে সেস্থান হইতে অর্দ্ধক্রোশ দূর এক বনেতে বাসা করিয়া নিদ্রা যাওত আমি পুনর্ব্বার স্বপ্ন দেখিলাম।

অপর আমি স্বপ্ন দেখিতেছিলাম তন্মধ্যে দেখ আমার নিদ্রাস্থান হইয়া এক বৃদ্ধ মহালোক যাইতেছিল এবং আমি যে স্থানে যাত্রা করিতেছিলাম তাহার কতক পথ তাহার গমনাবশ্যকপ্রযুক্ত আমি উঠিয়া তাহার সহিত চলিয়া গেলাম ইহা ভাবিলাম। অপর আমার মনে লয় যে যাত্রা করত যাত্রিকেরদের মতানুসারে আমি কথোপকথন আরম্ভ করিলাম এবং দৈবাৎ খ্রীষ্টীয়ানবিষয়ে এবং তাহার যাত্রাবিষয়ে আমারদের কথোপকথন হইল যেহেতুক আমি ঐ বৃদ্ধ লোকের সহিত বক্ষ্যমাণরূপে কথোপকথন আরম্ভ করিলাম।

বিশেষতঃ আমি জিজ্ঞাসিলাম হে মহাশয় নীচেতে আমারদের গন্তব্য পথের বামহাতে স্থিত নগর কোন নগর।

তাহাতে প্রখরবুদ্ধি নাম মহাশয় যেহেতুক ঐ ব্যক্তি সেই নামে প্রসিদ্ধ সে কহিল যে সে সর্ব্বনাশ নাম নগর তাহাতে যথেষ্ট লোক কিন্তু তাহারা কদর্য্য এবং অলস।

তাহাতে আমি কহিলাম যে আমি বুঝিলাম সে সেই নগর আমি একবার সেই নগরমধ্যহইয়া গিয়াছিলাম অতএব জানি যে সে নগরবিষয়ে তুমি যাহা কহিতেছ তাহা সত্য।

প্রখরবুদ্ধি কহিল তোমার বাক্য অতিসত্য আমি তোমার বাক্যাপেক্ষা তন্নগরবাসিবিষয়ে যদি অধিক ভাল কহিতে পারি ইহাতে আমার বড় আহ্লাদ।

তাহাতে আমি কহিলাম যে হে মহাশয় আমি দেখি যে তুমি অতিশিষ্ট লোক এবং মঙ্গলবিষয় শ্রবণে এবং কথোপকথনে তোমার যথেষ্ট সুখ জন্মে অতএব নিবেদন করি কিঞ্চিৎকাল পূর্ব্বে ঊর্দ্ধরাজ্যেতে যাত্রাকারি এই নগরবাসি খ্রীষ্টীয়ান নাম এক ব্যক্তির প্রতি যাহাং ঘটিয়াছিল তাহা কি তুমি কখনো শুন নাই।

প্রখরবুদ্ধি কহিল তাহার বিষয় শুনি নাই জিজ্ঞাসা করিতেছ হাঁ শুনিয়াছিলাম এবং তাহার বাধা কষ্ট যুদ্ধ বন্দীত্ব ক্রন্দন কোঁকানি ভয় আশঙ্কা ইত্যাদি যাহাং যাত্রামধ্যে ঘটিয়াছিল সে সকল বিষয়ও অবগত ছিলাম তদ্ভিন্নও তোমাকে কহি আমারদের তাবদ্দেশ তদ্বিষয়ক ধ্বনিতে পরিপূর্ণ তাহার বিষয়ে এবং তাহার কার্য্যবিষয়ে যাহারা অবগত হয় নাই এবং তাহার যাত্রার বিবরণ অন্বেষণ করে নাই এমত অত্যল্পমাত্র গৃহ আছে। অধিক কি কহিব ইহা কহি যে তাহার অতিকষ্ট যাত্রাতেও অনেকে তাহার মতেচ্ছুক হইয়াছে যেহেতুক এইস্থানে স্থিতি সময়ে সে সকলের প্রতি উন্মত্ত মনুষ্য স্বরূপ বোধ্য হইলেও এইক্ষণে সে সর্ব্ব কর্ত্তৃক বহুসম্মানিত হইয়াছে কেমনা কথিত আছে যে সে যে স্থানে এখন বাস করে সেই স্থানে সে অতিপ্রাদুর্ভাবরূপে বাস করে অধিক কি কহিব যাহারা তাহার কষ্ট ভোগকরণে অসম্মত ছিল তাহারদের অনেকের মুখের লাল তাহার লাভের সম্বাদ শুব পেতে পড়ে।

তাহাতে আমি কহি যে সে যেস্থানে আছে সেই স্থানে সে যে উত্তমরূপে বসতি করে ইহা যদি তাহারা সত্য ভাবে তবে উত্তম ভাবে যেহেতুক সে এইক্ষণে জীবনদ উনইর নিকটে বাস করে এবং যাহা এইক্ষণে পাইতেছে তাহা শ্রম এবং দুঃখব্যতিরেকে পাইতেছে যেহেতুক তৎপ্রাপ্তিবিষয়ে কোনো দুঃখ মিশ্রিত নাই কিন্তু সে যাহা হউক লোকেরা তাহার বিষয় কি কহে কহ দেখি।

প্রখরবুদ্ধি কহিল লোকেরা তদ্বিষয়ে অত্যদ্ভুত কথা কহে যেহেং

কহে যে সে এইক্ষণে শুক্লবস্ত্রে পরিহিত হইয়া গমনাগমন করে তাহার গলেতে স্বর্ণের হার আছে এবং মুক্তাতে গুথিত স্বর্ণ মুকুট সে মস্তকে ধারণ করে। অন্যেতে কহে যে যাত্রামধ্যে তন্নিকটে প্রসন্ন জাজ্বল্যমান ব্যক্তিরা তাহার সহায় হইয়াছে এবং এ স্থানে একপ্রতিবাসির অন্যপ্রতিবাসির সহিত যেমত আলাপ সেমত সে সে স্থানে তাহারদের সহিত আলাপ করে। তদ্ভিন্ন তাহার বিষয়ে ইহা নিশ্চয় কথিত আছে যে সে যেস্থান বাস করে সেস্থানের রাজা ইহার মধ্যে রাজধানীতে তাহাকে এক অত্যুত্তম পদ প্রদান করিয়াছেন এবং সেস্থানের তাবদ্বিষয়োপরি প্রভুত্ব কারি রাজার সহিত সে প্রতি দিবস ভোজন পান গমনাগমন কথোপকথন ইত্যাদি করে এবং অতিমর্য্যাদার পাত্র হইয়াছে। তদ্ভিন্ন কেহ২ এমত ভাবে যে সে যাত্রি হইলে পর তাহার প্রতিবাসিরা কিনিমিত্তে তাহাকে এত অল্প মানে এবং এত তুচ্ছ করে তৎকারণ দেওনে যদি তাহারা সমর্থ হয় তবে তদ্দেশাধিকারী ঐ রাজা অল্প দিবসমধ্যে এই অঞ্চলে আসিয়া তাহা জ্ঞাত হইবেন।

যেহেতুক তাহারা কহে যে এইক্ষণে সে আত্মরাজার অতিশয় স্নেহপাত্রপ্রযুক্ত খ্রীষ্টীয়ান যখন যাত্রিক হইয়াছিল তৎকালে তৎপ্রাপ্তাপমানপ্রযুক্ত তাহার রাজা এমত মনঃক্ষুণ্ণ হইয়াছেন যে তিনি সে সকল স্বপ্রতি কৃতাপমানস্বরূপ জ্ঞান করেন এবং তাহাতে বহু আশ্চর্য্য বোধ হয় না যেহেতুক তাহার রাজার প্রতি তাহার স্নেহপ্রযুক্ত সে তদ্রূপ সাহসী হইয়াছিল।

তাহাতে আমি কহি ইহাতে আমার বড় আহ্লাদ সে যে এখন আত্মপরিশ্রম পরীবর্ত্তে বিশ্রাম পাইতেছে এবং আহ্লাদপূর্ব্বক আত্মশ্রমের ফল পাইতেছে এবং আত্মশত্রুরদের হাতছাড়া এবং আত্মঘৃণাকারিরদের হস্তহইতে মুক্ত হইয়াছে এতৎকারণজন্যে আমি ঐ ব্যচারার বিষয়ে বড় আহ্লাদযুক্ত আছি। এবং তদ্বিষয়ক গপ্প যে আমারদের এদেশে প্রচার হইয়াছে এতদ্বিষয়েও আমার বড় আ

হ্লাদ যেহেতুক যাহারা অবশিষ্ট রহিয়াছে তদ্দ্বারা তাহারদের মঙ্গল যে না জন্মে ইহা কে কহিতে পারে কিন্তু হে মহাশয় স্মৃতি সময়ে কহি তাহার স্ত্রী এবং সন্তানের বিষয়ে আপনি কিছু শুনিয়াছেন সে ব্যচারারা কি করিতেছে না জানি।

তাহাতে পুখরবুদ্ধি কহিল কেটা খ্রীষ্টীয়ানী এবং তাহার সন্তানের বিষয়ে কহিতেছ খ্রীষ্টীয়ানের যেমন মঙ্গল হইয়াছে তেমন তাহারদেরও মঙ্গল হইবার উপলক্ষ হইয়াছে যেহেতুক তাহারা সকলে প্রথমতঃ উন্মত্তাচার করিলে এবং খ্রীষ্টীয়ানের নেত্রজলেতে এবং কাকুক্তিতে পরামৃষ্ট না হইলেও উত্তরভাব্যভাবনাতে তাহারদের মন অত্যাশ্চর্য্যরূপে রত হইয়াছে তাহাতে তাহারা সাহস কুলাইয়া তাহার পশ্চাৎ গিয়াছে।

তাহাতে আমি কহিলাম উত্তমং কিন্তু কি তাহার স্ত্রী পুত্র সর্ব্ব সুদ্ধ গিয়াছে।

পুখরবুদ্ধি কহিল তাহা সত্য এবং তদ্বিষয়ের বিবরণ আমি তোমাকে দিতে পারি যেহেতুক সে সময়ে আমি সেস্থানে ছিলাম এবং তত্তাবদ্বিষয় উত্তমরূপে অবগত আছি।

তাহাতে আমি কহিলাম যে তবে তাহা যে সত্য ইহা বলিয়া মনুষ্য অন্যত্র ব্যাখ্যা করিতে পারে।

পুখরবুদ্ধি কহিল তাহা নিশ্চয়রূপে ব্যাখ্যা করণে তোমার কোনো ভয় নাই আমার অভিপ্রায় এই যে তাহারা সকলে অর্থাৎ ঐ ভদ্রস্ত্রী এবং তাহার চারি সন্তান যাত্রাতে প্রবৃত্ত হইয়াছে। এবং আমারদের অনেক দূর একত্র গমনাবশ্যকপ্রযুক্ত আমি তোমার প্রতি সে তাবদ্বিষয় ব্যাখ্যা করি।

খ্রীষ্টীয়ানী যে দিবসাবধি করিয়া আত্মসন্তান সহকারে যাত্রায় প্রবৃত্তা হইয়াছিল সে দিনাবধি তাহার নাম খ্রীষ্টীয়ানী হইয়াছিল, এই গ্রন্থের প্রথম ভাগে ২২৮ পৃষ্ঠে যেমত কথিত আছে সেমত ঐ খ্রীষ্টীয়ানীর স্বামী নদী পার হইলে পর এবং তাহার আর সম্বাদ

না পাওয়াতে তাহার মন অতিশয় উৎকণ্ঠিত হইতে লাগিল। যে হেতুক প্রথমতঃ কহি সে আপনার স্বামী হৃতা হইয়াছিল এবং তৎসম্বন্ধের বন্ধন চিরভগ্ন হইয়াছিল কেননা সে আমাকে কহিল যে তুমি জ্ঞাত আছ যে প্রিয়সম্বন্ধ হৃত হইলে তাহারদের স্মরণে জীবতেরদের মনেতে বহুদুঃখ জন্মে অতএব তাহার স্বামী হৃত হওয়াতে সে বিষয় তাহার অনেক অশ্রুপাতের কারণ হইল। কিন্তু ইহা সমুদায় নয় যেহেতুক খ্রীষ্টীয়ানী আত্মমধ্যে বিবেচনা করিতে লাগিল যে আমি যে আত্মস্বামিকে আর দেখি না এবং তিনি যে আমাহইতে এতদ্রূপ নীত হইয়াছেন ইহা আমার তাঁহার প্রতি যোগ্যসেবা না করণপ্রযুক্ত হইতে পারে। এতদ্বিষয়ে আলোচনা করাতে তাহার প্রিয়স্বামিপ্রতি কৃত তাহার তাবৎ প্রীতিরাহিত্য এবং অসাধারণ অত্যাচার পুঞ্জংরূপে তাহার মনে উপস্থিত হইল তাহাতে তাহার মন স্বকৃত দোষপ্রযুক্ত অতিশয় ভারাক্রান্ত হইল। তদ্ভিন্ন আত্মস্বামির অতিশয় কোঁকানি এবং অশ্রুপাত এবং আত্মজনাদুঃখ ইত্যাদিতে এবং তাহার কাকুক্তিতে এবং তাহার সহিত গমনবিষয়ে আপন সন্তানেরদের প্রিয়পরামর্শেতে সে আপনার অন্তঃকরণ কেমন কঠিন করিয়াছিল এই সমুদায় স্মরণ করাতে তাহার মন অতিশয় কাতর হইল। আর কি কহিব খ্রীষ্টীয়ানের বোঝা তাহার পৃষ্ঠে লুণ্ঠিত তাবৎসময়ে সে তাহার প্রতি যাহাং কহিয়াছিল বা তাহার সাক্ষাৎ যাহাং করিয়াছিল তাহার মধ্যে এমত কোনো এক বিষয় ছিল না যে বিদ্যুদ্বৎ উঠিয়া তাহার মনে প্রবিষ্ট হইয়া তাহার হৃদয় বিদীর্ণ না করিল বিশেষতঃ ত্রাণার্থে আমি কি করিব প্রথম ভাগে ১ এবং ৩ পৃষ্ঠেতে উক্ত তাহার অতিশয় বিলাপপূর্ব্বক এইশব্দ তাহার কর্ণে অতিশয় ভয়ঙ্কররূপে নিনাদ করিল।

অপর খ্রীষ্টীয়ানী আত্মসন্তানেরদিগকে কহিল আমরা সকলে বিনষ্ট হইয়াছি পাপাচরণদ্বারা আমি তোমারদিগের পিতাকে দূর

করিয়াছি তাহাতে তিনি গিয়াছেন তিনি আমারদিগকে সঙ্গে লইয়া যাইতে চাহিয়াছিলেন কিন্তু আমি সম্মতা ছিলাম না এবং অনন্তজীবন প্রাপ্তিবিষয়ে আমি তোমারদেরও নিবারণ করিয়াছি। ঐ কথা শুনিয়া বালকেরদের অশ্রুপাত হইতে লাগিল এবং তাহারা আত্মপিতৃ পশ্চাৎগমনার্থে অতিশয় ক্রন্দন করিতে লাগিল। তাহাতে খ্রীষ্টীয়ানী কহিল হায় তাঁহার সহিত গমনে যদি আমার ভাগ্য হইত তবে এইক্ষণে গমনে যাহা ঘটিবে তদপেক্ষা আমারদের অধিক মঙ্গল হইত। যেহেতুক পূর্ব্বে তোমারদের পিতার দুঃখ বিষয়ে আমি ভাবিয়াছিলাম যে তাঁহার কোনো এক উন্মত্তানুমান প্রযুক্ত বা কোনো বিষয়ের ঘোরাশঙ্কাপ্রযুক্ত সে সমস্ত উৎপন্ন হইয়াছিল কিন্তু তদ্রূপ ভাবিলেও এইক্ষণে আমার মনেতে বিস্মৃতি হইবে না যে সে সমস্ত অন্য কোনো এক কারণজন্যে উৎপন্ন হইয়াছিল বিশেষতঃ অনন্তজীবনের জ্ঞান তাঁহাকে দত্ত হইয়াছিল তজ্জন্যে এবং তজ্জ্ঞানের উপকারদ্বারা আমি দেখিতে পাই যে তিনি মৃত্যুর আপদহইতে মুক্ত হইয়াছেন তাহাতে তাহারা সকলে অত্যুচ্চৈঃস্বরে এই কথা কহত পুনর্ব্বার রোদন করিতে লাগিল যে হায় অভাগ্য দিবস।

পররাত্রিতে খ্রীষ্টীয়ানী এক স্বপ্ন দেখিল তাহাতে দেখ তাহার সাক্ষাৎ উন্মীলিত প্রশস্তচর্ম্মগ্রন্থবৎ এক গ্রন্থ দৃষ্ট হইল তন্মধ্যে তাহার অবদাচরণের সংখ্যা নির্ণীতা ছিল এবং তাহার দোষের সংখ্যা অতিশয় কিট্‌কিটীয় কাল ঘোরতর হইয়া তাহার প্রতি চাহিয়া রহিল তাহাতে সে নিদ্রাতে এই কথা কহিয়া অত্যুচ্চৈঃস্বরে চেঁচাইতে লাগিল যে হে ঈশ্বর পাপিষ্ঠ যে আমি আমার উপর দয়াশীল হউন তাহাতে বালকেরা তাহার সে শব্দ শুনিল।

তৎপরে সে ভাবিল যে তাহার শয্যাসমীপে দণ্ডায়মান এই কথা কহত দুই কদর্য্য ব্যক্তিকে সে দেখিল এই স্ত্রী লোককে লইয়া আমারদের কি করা কর্ত্তব্য যেহেতুক সে জাগ্রত বা নি

দ্বিত অনুগ্রহার্থে প্রার্থনা করে সে যেমন আরম্ভ করিয়াছে তেমন চলনে যদি সে নিবারিতা না হয় তবে আমরা ইহার স্বামিকে যেমন হারাইয়াছি তেমন ইহাকেও হারাইব অতএব পশ্চাৎ কি হইবে এতদ্বিষয়ক ভাবনাহইতে তাহাকে মুক্ত করণে আমারদের চেষ্টা পাইতে হইবে নতুবা সে যে যাত্রিণী না হয় এতদ্বিষয় নিবারণে তাবজ্জগতের সাধ্য নাই।

তাহাতে সে অতিশয় ঘর্ম্মযুক্তা এবং কম্পমানা হইয়া জাগ্রতা হইল কিন্তু কিঞ্চিৎপরে সে পুনর্ব্বার নিদ্রায় পড়িয়া মনে অনুমান করিল যে মোক্ষস্থানে অনেক অমৃতেরদের মধ্যে মস্তকে আকাশ ধনুক এবং সিংহাসনোপবিষ্ট এক ব্যক্তির সাক্ষাৎ বীণা হাতে করিয়া বাদ্য করত দণ্ডায়মান আত্মস্বামিকে দেখিল তদ্ভিন্ন সে দেখিল যে তাহার স্বামী রাজার চরণাধঃস্থিত স্বর্ণরচিত স্থানাভিমুখ হইয়া এ কথা বহুত প্রণাম করিল আমার প্রভু এবং আমার রাজা যে আমাকে এস্থানে আনয়ন করিয়াছেন এতজ্জন্যে আমি তাবদন্তঃকরণের সহিত তাঁহার ধন্যবাদ করি ঐ কথা কহিবামাত্রেতে চতুর্দ্দিগস্থ দণ্ডায়মানেরদের এক দল উচ্চৈঃস্বরে ধ্বনি করিয়া স্বস্ববীণা দ্বারা বাদ্য করিতে লাগিল কিন্তু তাহারা কি কহিল ইহা খ্রীষ্টীয়ান এবং তাহার সহায়বিনা কোনো প্রাণী কহিতে পারিল না।

পরপ্রভাতে সে গাত্রোত্থান করিয়া ঈশ্বরের নিকটে প্রার্থনা করিয়া আত্মসন্ততিরদের সহিত বহুকাল কথোপকথনানন্তর এক জন আসিয়া দ্বারেতে অতিশয় আঘাত করিতে লাগিল তাহার প্রতি সে ইহা কহিল আপনি যদি ঈশ্বরের নামে আগমনকারী হন তবে অন্তরে আইসুন তাহাতে সে আমেন্ কহিয়া দ্বারোন্মীলন করিয়া এই কথা কহিয়া তাহাকে ভেটিল যে এ গৃহে মঙ্গল। পরে সে খ্রীষ্টীয়ানীকে জিজ্ঞাসিল আমি কি নিমিত্তে আসিয়াছি ইহা কি তুমি জান তাহাতে সে রক্তবদনা এবং কম্পমানা হইল এবং তিনি কোথাহইতে আসিয়াছেন এবং তাহার প্রতি তাঁহার

কি বক্তব্য ইহা জ্ঞানার্থে তাহার অন্তঃকরণ বাঞ্ছাতে অতিশয় ব্যগ্র হইতে লাগিল। তাহাতে সে কহিল আমার নাম গুপ্ত আমি উর্দ্ধবাসিরদিগের সহিত বসতি করি। আমার বসতিনগরে খ্যাত হইয়াছে যে তুমি সেস্থানে গমনে বাঞ্ছা করিতেছ তদ্ভিন্ন ইহাও প্রসিদ্ধ আছে যে তুমি আত্মস্বামির পথপ্রতিকূলে স্বান্তঃকরণ কঠিন করণবিষয়ে এবং এ বালকেরদিগকে স্বস্বমূর্খতাবস্থায় রাখনবিষয়ে পূর্ব্বে আপনার স্বামির যে মন্দ করিয়াছিলা এতদ্বিষয় জ্ঞাত আছ। হে খ্রীষ্টীয়ানি দয়াশীল যিনি তিনি তোমাকে এই কথা জ্ঞাপনার্থে আমাকে প্রেরণ করিয়াছেন যে ঈশ্বর সর্ব্বদা ক্ষমা করণে উদ্যত এবং পাপক্ষমাসংখ্যাবর্দ্ধনে তাঁহার অতিশয় সন্তোষ। আরো তিনি তোমাকে ইহাও জানাইতেছেন যে তিনি আপনার সাক্ষাৎ যাওনার্থে এবং তাঁহার সহিত ভোজন পানার্থে তোমাকে আহ্বান করিতেছেন এবং তিনি স্বগৃহের উত্তমতাদ্বারা এবং তোমার পিতা য়াকুবের অধিকারদ্বারা তোমার প্রতিপালন করিবেন।

সেই স্থানে খ্রীষ্টীয়ান নামে তোমার স্বামী এবং অন্যং লক্ষং তাহার সহায়েরা দর্শনকারিরদের জীবনদাতার মুখ সর্ব্বদা দৃষ্টি করিতেছে এবং আত্মপিতৃগৃহবহিঃ তোমার পাদবিক্ষেপ শব্দ শুনিলে তাহারা সকলেই আহ্লাদবান হইবে।

ঐ কথা শুনিয়া খ্রীষ্টীয়ানী আত্মমধ্যে বহুলজ্জা পাইয়া ভূমিষ্ঠা হইয়া প্রণাম করিল। ঐ স্বপ্নেতে সে ব্যক্তি খ্রীষ্টীয়ানীকে কহিল যে তোমার স্বামির রাজাহইতে আনীত এক পত্র তোমার জন্যে আমার স্থানে আছে তাহাতে সে ঐ পত্র গ্রহণ করিয়া খুলিল কিন্তু তাহা অতিসুগন্ধির ন্যায় বাস ত্যাগ করিল এবং তাহা স্বর্ণাক্ষরে রচিত ছিল। ঐ পত্রের অভিপ্রায় এই যে রাজার বাঞ্ছা এই যে খ্রীষ্টীয়ানীর স্বামী যদ্রূপ করিয়াছিল তদ্রূপ সেও

করে যেহেতুক তাঁহার নগরে আগমনপথ এবং তাঁহার সাক্ষাৎ সর্ব্বদা বাসকরণার্থক পথ সেই পথ। ঐ কথা শ্রবণে খ্রীষ্টীয়ানী মূর্চ্ছিতা হইয়া স্বনিকটে আগন্তুব্যক্তিকে কহিল হে মহাশয় আমরা যে যাইয়া সে রাজার সেবা করি এতন্নিমিত্তে আপনি কি আমাকে এবং আমার সন্ততিরদিগকে সঙ্গে করিয়া লইয়া যাইবেন।

তাহাতে ঐ আগন্তা কহিল যে হে খ্রীষ্টীয়ানি মিষ্টের পূর্ব্বে তিক্ত তোমার পূর্ব্বে গমনকারি খ্রীষ্টীয়ানের ন্যায় তোমাকেও দুঃখ কষ্টের মধ্য হইয়া স্বর্গীয় রাজধানীতে যাইতে হইবে অতএব তোমাকে এই পরামর্শ দি যে তোমার স্বামী খ্রীষ্টীয়ান যেমত করিয়াছিল সেমত তুমিও কর মাঠের ওপারস্থিত অমুক ক্ষুদ্রদ্বারে যাও যেহেতুক তোমার গন্তব্য স্থানের পথের মাথায় সেই ক্ষুদ্রদ্বার এবং তোমার মঙ্গল যে হয় ইহা আমি প্রার্থনা করি তদ্ভিন্ন তোমাকে আমি এই পরামর্শ দি যে তুমি আপন বক্ষঃস্থলে এ পত্র রাখ যে তুমি আপনি তাহাতে পাঠ কর এবং অভ্যাস যাবৎ না হয় তাবৎ আপনার সন্ততিরদের প্রতি পাঠ কর যেহেতুক এই আগাররূপ যাত্রাবাসে স্থিতি কালে গাওনার্থক গীতের একগীত এই এবং পথপ্রান্তস্থ দ্বারে তোমারে এই পত্র অর্পণ করিতে হইবে।

অপর আমি স্বপ্নে দেখিলাম যে ঐ বৃদ্ধ মহাশয় আমাকে ঐ প্রসঙ্গ করত আপনিও তদ্দ্বারা বহু ব্যাকুল হইয়াছিলেন কিন্তু তথাপি তিনি ঐ প্রসঙ্গ পুনরারম্ভ করিয়া কহিলেন যে ঐ কথা শুনিয়া খ্রীষ্টীয়ানী আত্মসন্ততিরদিগকে একত্র ডাকিয়া তাহারদের শ্রবণে এতদ্রূপ বাক্য কহিল হে আমার পুত্রেরা তোমরা যেমন দেখিতেছ তেমন এদিগে আমি তোমারদের পিতার মৃত্যুবিষয়ে প্রাণেতে বহুব্যাকুল হইয়াছি তিনি যে সুখী হইয়াছেন না হইয়াছেন এতদ্বিষয়ে সন্দেহপ্রযুক্ত নয় যেহেতুক এইক্ষণে আমি নিশ্চয় জানি যে তাঁহার মঙ্গল হইয়াছে তদ্ভিন্ন আত্মাবস্থা

বিষয়ে এবং তোমারদের অবস্থাবিষয়ে আমি বহুব্যাকুল হই য়াছি যেহেতুক আমি নিশ্চয় জানি যে তদবস্থা স্বভাবতই মন্দ। আরো কহি তোমারদের পিতার প্রতি তাঁহার দুঃখকালে আমার আচরণ আমার মনেতে বহুদুঃখের বিষয় হইয়াছে যেহেতুক তাঁ হার প্রতিকূলে আমি আপনার মন এবং তোমারদের মন কঠিন করিয়া তাঁহার সহিত যাত্রাকরণে অবজ্ঞা করিয়াছিলাম।

কল্য রাত্রিতে আমি স্বপ্নেতে যাহা দেখিয়াছিলাম এবং সে বিদেশী অদ্য প্রভাতে আমাতে যে সাহস জন্মাইয়াছেন ইহা যদি না প্রাপ্ত হইতাম তবে ঐ সকল ভাব্যভাবনাতে আমি মরিতাম অত এব হে পুত্রেরা আইস আমরা তল্পি বাঁধিয়া স্বর্গীয় রাজ্যাভিমুখ দ্বারপ্রতি যাই যে তোমারদের পিতার দর্শন পাই এবং তদ্দেশের রীত্যনুসারে কুশলেতে তাঁহার এবং তাঁহার সহায়ের সঙ্গে বাস করি।

তাহাতে তাহারদের মাতার মনেতে যে তদ্রূপ প্রবৃত্তি জন্মি য়াছিল এতদর্থে খ্রীষ্টীয়ানীর সন্ততিরা আহ্লাদপ্রযুক্ত ক্রন্দন করি তে লাগিল পরে ঐ আগন্তুব্যক্তি বিদায় হইল এবং তাহারা যাত্রার্থে আয়োজনারম্ভ করিতে লাগিল।

কিন্তু তাহারা যাত্রার্থে আয়োজন করিতেছিল ইতোমধ্যে খ্রীষ্টী য়ানীর দুই প্রতিবাসিনী স্ত্রী তাহার গৃহে আসিয়া দ্বারে আঘাত করিতে লাগিল তাহাতে খ্রীষ্টীয়ানী তাহারদিগকে পূর্ব্ববৎ উত্তর দিল তাহা শুনিয়া ঐ স্ত্রীলোকেরা অবাক হইল যেহেতুক পূর্ব্বে তাহারা খ্রীষ্টীয়ানীর মুখহইতে তদ্রূপ বাক্য কখনো শ্রবণ করে নাই তথাপি তাহারা অন্তরে আইল কিন্তু দেখ ঐ উত্তমা স্ত্রী আত্ম গৃহ ছাড়িয়া যাওনে আয়োজন করিতে ছিল।

তাহাতে তাহারা বাক্যারম্ভ করিয়া কহিল হে প্রতিবাসিনি এই সকল আয়োজনেতে তোমার অভিপ্রায় কি কহ দেখি।

তাহাতে খ্রীষ্টীয়ানী উত্তর করিয়া ভীতা নামে তাহারদের মধ্যে

জোষ্ঠা স্ত্রীকে কহিল আমি যাত্রায় প্রবৃত্তার্থে আয়োজন করিতেছি। কঠিন নামে টিকরে খ্রীষ্টীয়ানের সহিত মিলিত হইয়া সিংহের ভয়প্রযুক্ত তাহাকে ফিরাওনে চেষ্টাকারি ভয়াকুল নাম ব্যক্তির কন্যা ঐ ভীতা নামে স্ত্রী। প্রথম ভাগের ৫৩ পৃষ্ঠে দেখ।

তাহাতে ভীতা জিজ্ঞাসিল কোন যাত্রার নিমিত্তে আয়োজন করিতেছ কহ দেখি।

খ্রীষ্টীয়ানী কহিল আমার বৃদ্ধ স্বামির পশ্চাৎ গমনার্থে। ইহা কহিয়া সে ক্রন্দন করিতে লাগিল।

ভীতা কহিল হে প্রতিবাসিনি আমার এই ভরসা আছে যে তদ্রূপ নয় আমি তোমারে নিবেদন করি যে আপনার সন্ততির কারণ তুমি অমনুষ্যবৎ হইয়া তদ্রূপ আপনাকে নষ্ট না কর।

খ্রীষ্টীয়ানী কহিল আমার সন্ততিরাও আমার সহিত যাইবে তাহারদের এক প্রাণীও পশ্চাৎ থাকনে ইচ্ছুক নয়।

ভীতা কহিল আমার অন্তঃকরণে বড় আশ্চর্য্য বোধ হয় যে কোন ব্যক্তি বা কোন বিষয় তোমাকে এতদ্রূপমনা করিয়াছে।

খ্রীষ্টীয়ানী কহিল যে হে প্রতিবাসিনি আমি যত অবগত আছি তুমি যদি তত অবগত হইতা তবে তুমিও আমার সঙ্গে যাইতা ইহা আমি নিশ্চয় জানি।

ভীতা কহিল তুমি কি নূতন বুদ্ধি প্রাপ্ত হইয়াছ বল দেখি যে তোমার মন তোমাকে স্ববন্ধুবান্ধবেরদের প্রতি এত আলগা করায় এবং কোনো কেহ জ্ঞাত নয় এমত পথে তোমাকে লওয়ানে পরীক্ষা করে।

তাহাতে খ্রীষ্টীয়ানী উত্তর করিয়া কহিল আমার স্বামী আমাকে ত্যাগ করিয়া গমনাবধি অধিকন্তু নদীপার হওয়া অবধি করিয়া আমার মন বড় ব্যাকুল হইয়াছে কিন্তু তিনি যখন অতি দুঃ

স্থিত ছিলেন সেই সময়ে তাঁহার প্রতি আমার কুব্যবহার আমা
কে সর্ব্বাপেক্ষা অধিক দুঃখ দেয়। আরও কহি তাঁহার তখন যে
দশা হইয়াছিল এখন আমার সে দশা যাত্রাবিনা অন্য কিছুতে
এইক্ষণে আমার সন্তোষ নাই। কল্যরাত্রিতে আমি স্বপ্ন দেখিয়া
ছি যে আমি তাঁহাকে দেখিয়াছি হায় যদি আমার প্রাণ তাঁহার
সহিত হইত তিনি তদ্দেশের রাজার সাক্ষাৎ বাস করেন
তিনি তাঁহার সহিত এক পাত্রে ভোজনপানাদি করেন তিনি
অমৃতলোকেরদের সঙ্গে সম্ভাষ করেন এবং এই ক্ষণে তাঁহকে এ
মত এক গৃহ দত্ত হইয়াছে যে পৃথিবীস্থ সর্ব্বাপেক্ষা উত্তম অট্টা
লিকা তাহার সহিত তুল্য করিলে সে কেবল গোময়রাশিবৎ
বোধ হয়। ঐ অট্টালিকার অধ্যক্ষও আমার নিমিত্তে লোক প্রে
রণ করিয়া কহিয়াছেন যে আমি যদি তাঁহার নিকটে যাই তবে
তিনি আমাকেও অতিথি করিবেন তাঁহার দূত এইমাত্র আমার
এখানে ছিল সে আমার নিকটে এক আহ্বানপত্র আনিয়াছিল।
ঐ কথা কহিয়া সে আত্মবক্ষঃস্থলহইতে পত্র বাহির করিয়া পাঠ
করিয়া তাহারদিগকে জিজ্ঞাসিল যে এখন এবিষয়ে তোমরা কি
কহ।

তাহাতে ভীতা কহিল হায় তোমাকে এবং তোমার স্বামিকে
কি উন্মত্ততা না ঘটিয়াছে যে তোমরা এমত দুঃখ কষ্টেতে আপ
নারদিগকে ফেল। তোমার স্বামির যাত্রারম্ভেতে পথে তাহার কি
ঘটিয়াছিল ইহা তুমি অবশ্যই শুনিয়াছ তদ্বিষয়ে একগুঁইয়া
নামে আমারদের প্রতিবাসী এখনও তোমাকে সাক্ষ্য দিতে পারে
যেহেতুক সে তাহার সহিত গিয়াছিল এবং তাহারা বুদ্ধিমান
ব্যক্তির মত যাবৎ ফিরিয়া না আইল তাবৎ হাবলাও তাহার
সাক্ষ্য দিতে পারে প্রথমভাগের ৪ পৃষ্ঠাবধি করিয়া ১০ পৃষ্ঠ
পর্য্যন্ত পাঠ করিয়া দেখ। তদ্ভিন্ন সিংহের সহিত এবং অপা
ল্লান নামে অসুরের সহিত এবং মৃত্যুচ্ছায়াস্থলীতে তাহার কিং

ঘটিয়াছিল ইত্যাদি অন্যং অনেক বিষয় আমরা শুনিয়াছি। এবং মায়া নাম মেলাতে তাহার যেং আপদ্ ঘটিয়াছিল তাহাও তোমার বিস্মৃত হওন কর্ত্তব্য নয় যেহেতুক পুরুষ হইয়া যদি সে ঐ রূপ কষ্টগ্রস্ত হইয়া থাকে তবে তুমি স্ত্রীলোক হইয়া কি করিতে পার। এবিষয়ও আলোচনা কর যে এই অতিসুন্দর বালক চারিটী তোমার সন্ততি তাহারা তোমার মাংসজ মাংস এবং অস্থিজ অস্থি। অতএব তুমি যদি ঝটিতি এতদ্রূপ আচরিণী হও যে আপনাকে নাশ কর তথাপি তোমার জরায়ুজ সন্ততির মুখ চাহিয়া ঘরে থাক।

তাহাতে খ্রীষ্টীয়ানী তাহাকে কহিল হে প্রতিবাসিনি আমার পরীক্ষা করিও না আমার লাভার্থে আমার হাতে এক বাজী দত্ত হইয়াছে এবং এই অবকাশে আমি যদি তাহা গ্রহণ না করি তবে আমি সর্ব্ববাতুলাপেক্ষা পাগল। এবং পথে আমার অমুকং দুঃখ কষ্ট ঘটিবে এতদ্বিষয়ে তুমি যাহা কহিতেছ সে সকল আমার নিরাশকারি না হইয়া বরং আমার মনে লওয়ায় যে আমি প্রকৃত পথে আছি। মিষ্টের পূর্ব্বে তিক্ত হয় তাহাতে মিষ্ট অধিক মিষ্ট হয়। অতএব আমার গৃহে তুমি ঈশ্বর নামে না আইসনপ্রযুক্ত পূর্ব্বে যেমন কহিয়াছিলাম তেমন কহি যাও এবং আমাকে আর দুঃখ দিও না আমি ইহা কাকূক্তি করি।

অপর ভীতা খ্রীষ্টীয়ানীকে তিরস্কার করিয়া আত্মসহায়কে কহিল হে অনুগ্রহশীলে প্রতিবাসিনি আইস আমরা ইহাকে আপনার বিষয়ে ত্যাগ করিয়া যাই এ আমারদের পরামর্শ এবং অনুষঙ্গিতা তুচ্ছ করে? কিন্তু অনুগ্রহশীলা মনোমধ্যে কিঞ্চিৎ স্থকিত হইয়া তদ্রূপ শীঘ্র আত্মপ্রতিবাসিনীর মতগ্রাহিণী হইতে পারিল না তৎকারন দ্বিধা প্রথমতঃ খ্রীষ্টীয়ানীকে দেখিয়া তাহার মনে বড় দুঃখ জন্মিল তাহাতে সে আত্মমনোমধ্যে কহিল আমার প্রতিবাসিনী যদি যায় তবে আমি তাহার সহিত কিঞ্চিদ্দূর

যাইয়া উপকার করিব। দ্বিতীয়তঃ আত্মপ্রাণবিষয়ে তাঁহার মনো মধ্যে বহুদুঃখ জন্মিয়াছিল যেহেতুক খ্রীষ্টীয়ানী যাহা কহিয়াছিল সে বাক্য দৃঢ়রূপে তাহার মন আক্রমণ করিয়াছিল। অতএব সে আত্মমনোমধ্যে পুনর্ব্বার স্থির করিল যে আমি খ্রীষ্টীয়ানীর সহিত আরো কিঞ্চিৎ কথোপকথন করিব এবং সে যাহা কহে তাহাতে যদি আমি সত্যতা এবং জীবন পাই তবে আমি অন্তঃকরণের সহিত তাহার সহিত যাইব। তৎপ্রযুক্ত অনুগ্রহশীলা ভীতানামে আত্মসহচরীর সহিত এতদ্রূপ কথোপকথন আরম্ভ করিল।

হে প্রতিবাসিনি খ্রীষ্টীয়ানীর সহিত সাক্ষাৎ করিতে আমিঅদ্য প্রভাতে তোমার সহিত আসিয়াছিলাম সত্য এবং যেমন তুমি দেখিতেছ তেমন সে এদেশহইতে বিদায় হওনপ্রযুক্ত আমার মনে লয় যে অদ্য শুভপ্রভাত তাহার উপকারার্থে আমি তাহার সহিত কিঞ্চিদ্দূর গমন করিব। কিন্তু দ্বিতীয় কারণ সে তাহাকে না জানাইয়া আত্মমনোমধ্যে গোপন করিয়া রাখিল।

তাহাতে ভীতা কহিল ভাল উম্মত্তা হইবার তোমারও বাঞ্ছা আছে ইহা আমি দেখিতেছি কিন্তু সময় থাকিতে সাবধানা হইয়া জ্ঞানবতী হও শঙ্কটানুপস্থিতিকালে আমারদের মঙ্গল কিন্তু শঙ্কটোপস্থিতিকালে অমঙ্গল। তাহাতে ভীতা স্বগৃহে ফিরিয়া গেল এবং খ্রীষ্টীয়ানী যাত্রারম্ভ করিল। অপর ভীতা স্বগৃহে পহুঁছিবা মাত্রে আপনার কতকগুলিন প্রতিবাসিনিরদিগকে ডাকিয়া পাঠাইল বিশেষতঃ চামচিকাক্ষী এবং অবিবেচিকা এবং লঘুমানসা এবং কিঞ্চিদপি অনভিজ্ঞা নাম্নী স্ত্রী। এই সকল তাহার গৃহে পহুঁছিবামাত্রে সে খ্রীষ্টীয়ানীর এবং তাহার যাত্রার বিষয় তাহারদের সাক্ষাৎ বর্ণনা করিতে লাগিল এবং এতদ্রূপ গপ্প আরম্ভ করিল।

হে প্রতিবাসিনীরা অদ্য প্রভাতে গৃহে অল্পকার্য্য থাকাপ্রযুক্ত আমি অদ্য খ্রীষ্টীয়ানীকে দেখিতে গিয়াছিলাম এবং দ্বারে উপস্থিতা

হইয়া আমারদের ব্যবহারানুসারে আঘাত করিতে লাগিলাম তাহাতে সে উত্তর করিয়া কহিল তুমি যদি ঈশ্বরের নামে আসিয়া থাক তবে অন্তরে প্রবেশ কর! তাহাতে সকলি মঙ্গল ইহা ভাবিয়া আমি প্রবেশ করিলাম কিন্তু প্রবেশমাত্রে আমি দেখিলাম যে সে এবং তাহার সন্ততি নগর ছাড়িয়া গমনার্থে আয়োজন করিতে ছিল। তাহাতে সে সকল দেখিয়া এসকলেতে তোমার অভিপ্রায় কি ইহা জিজ্ঞাসা করিলাম তাহাতে সে সংক্ষেপে আমাকে কহিল যে আমার স্বামী যেমত যাত্রায় গিয়াছে সেমত আমিও এইক্ষণে যাত্রা করণে বাঞ্ছিতা আছি। এবং সে যে স্বপ্ন দেখিয়াছিল এবং তাহার স্বামির নিবাসদেশের রাজা সে দেশে যাওনার্থে তাহার নিকটে যে নিমন্ত্রণপত্র পাঠাইয়াছিল সে সকল আমাকে কহিল।

তাহা শুনিয়া কিঞ্চিদপি অনভিজ্ঞা জিজ্ঞাসিল তবে সে কি করিবে ইহা কি তুমি জান।

ভীতা কহিল যাহা ঘটে ঘটুক সে যাইবে এবং বক্ষ্যমাণ বিষয়দ্বারা আমি তাহা জ্ঞাত আছি যেহেতুক গৃহে অবস্থিত্যর্থে তাহাকে কথিত আমার পরামর্শের প্রধান বিষয় বিশেষতঃ পথে ঘটনীয় দুঃখ কষ্ট ইত্যাদি সমস্ত তাহার পথগমনে উদ্যোগার্থক প্রধান কারণ কেননা সে সঙ্কেতে আমাকে কহিয়াছিল যে মিষ্টের পূর্ব্বে তিক্ততা এবং পূর্ব্বে তিক্ত হইলে সেই তিক্ততাপ্রযুক্ত মিষ্ট অধিক মিষ্ট হয়।

অপর চামচিকাক্ষী কহিল যে হায় সে অন্ধা এবং উন্মত্তা অভাগী সে কি আত্মস্বামির দুঃখ কষ্টেতে উপদিষ্টা হইবে না। অন্যেতে যাহা মনে করে করুক আমার মনে লয় যে তাহার স্বামী যদি পুনর্ব্বার এস্থানে উপস্থিত হইত তবে বাঁচিয়া আইসন আহ্লাদে সন্তুষ্ট হইয়া অবস্তুর নিমিত্তে তদ্রূপ দুঃখ কষ্টে পুনর্ব্বার কদাচিৎ প্রবিষ্ট হইত না।

অপর অবিবেচিকা কহিল ঐরূপ উন্মত্তা স্ত্রী নগরহইতে দূর করা উচিত আমার মনে লয় যে এমন লোক গেলে আপদ যায় তাহার নিবাসনগরে যদি সে বসতি করে এবং তাহার তদ্রূপ মন থাকে তবে কে তাহার সহিত সুখে বাস করিতে পারে যেহেতুক জ্ঞানিলোকগ্রহণাসাধ্য কথোপকথন করণে সে আত্মনির্ব্বুদ্ধিতা বা প্রতিবাসির প্রতি আপন অমিত্তাচারিতা প্রকাশ করিবে। অতএব আমি আপনার বিষয়ে কহি যে তাহার গমনে আমি কখনো মনঃক্ষুণ্ণ হইবনা যাউক সে। তাহার স্থানে তাহাহইতে উত্তমা আইসুক এমত উন্মত্তলোক এসংসারে আইসনাবধি করিয়া এতৎ সংসার কখনো ভাল হয় নাই।

অপর লঘুমনা এই কথা কহিয়া কহিল আইস আমরা এই প্রকার বাক্য সকল ত্যাগ করি। কল্য আমি লুব্ধা ঠাকুরাণীর বাটীতে গিয়াছিলাম সেস্থানে আমারদের বড় আহ্লাদামোদ হইয়াছিল কেননা সেস্থানে কে২ ছিল এবিষয়ে তোমার মনে কি লয় সেই স্থানে আমি এবং শরীরপ্রিয়া ঠাকুরাণী এবং অন্য তিন চারি স্ত্রী লোক এবং লম্পটা ঠাকুরাণী এবং অশুদ্ধা ঠাকুরাণী এবং অন্য কতকগুলী স্ত্রীলোক ছিল। সেস্থানে আমারদের বাদ্যবাজনা নৃত্য এবং সন্তোষজনক অন্য২ অনেক আমোদ হইয়াছিল। এবং আমার মনে লয় যে ঐ লুব্ধা ঠাকুরাণী অতিসুশীলা এবং তাহার স্বামী লম্পটমহাশয়ও তেমনি সুন্দর লোক।

ইতোমধ্যে খ্রীষ্টীয়ানী যাত্রায় প্রবৃত্তা হইয়াছিল এবং অনুগ্রহশীলা তাহার সহিত চলিল। অপর সন্ততি সহকারে গমন করত খ্রীষ্টীয়ানী এতদ্রূপ কথোপকথন আরম্ভ করিল যে হে অনুগ্রহশীলে আমাকে কিঞ্চিদ্দূর আগে বাড়ানার্থে তুমি যে স্বগৃহ বহিঃ পাদবিক্ষেপ করিতেছ ইহাতে আমার প্রতি তোমার বড় অনুগ্রহ।

তাহাতে যুবতী অনুগ্রহশীলা কহিল যেহেতুক সে অতিযুবতী ছিল যে তোমার সহিত গমনে কিছু ফল জন্মিবে ইহা আমার মনে যদি লইত তবে আমি পুনর্ব্বার স্বনগরে ফিরিয়া যাই তাম না।

তাহা শুনিয়া খ্রীষ্টীয়ানী কহিল হে অনুগ্রহশীলে উত্তম আমার অংশী হও আমারদের যাত্রান্তে আমারদের কিং ফল উৎপন্ন হই বে ইহা আমি ভদ্রুপে জ্ঞাত আছি। আমার স্বামী এইক্ষণে এমত স্থানে আছেন যে আমেরিকা দেশীয় তাবদাকরস্থ তাবৎ স্বর্ণ প্রাপ্তি হইতে পারিলেও সেস্থানভিন্ন অন্যত্র থাকিবার তাঁহার বাঞ্ছা নাই এবংআমার আহ্বানেতে তুমিও সেইস্থানে গেলে বহিঃক্ষিপ্তা হইবা না। আমার এবং আমার সন্ততিরনিমিত্তে পত্রপ্রেরক রাজা যিনি তিনি অনুগ্রহ করণে সর্ব্বদা আহ্লাদিত আছেন। তদ্ভিন্ন তোমার যদি বাঞ্ছা হয় তবে আমি তোমাকে বেতন দিব তাহাতে তুমি আমার সহিত দাসীরূপা হইয়া যাইতে পার তথাপি আমার যাহা আছে তাহা তোমার। আমার সহিত যাত্রামাত্র কর।

তাহাতে অনুগ্রহশীলা কহিল আমি যে সেস্থানে অতিথিপ্রাপ্তা হইব ইহা আমি কি প্রকারে জানিব। যে ব্যক্তি কহিতে পারে এমন ব্যক্তিহইতে যদি আমি এমত আশা পাইতে পারি তবে যিনি উপকার করিতে পারেন তৎকর্ত্তৃক উপকৃতা হইয়া পথ যেম নিবা কষ্ট হউক গমনে আমার কিছু আটক নাই।

পরে খ্রীষ্টীয়ানী কহিল যে হে প্রিয়ে অনুগ্রহশীলে ভদ্র তো মার কি করণোচিত তাহা তোমাকে কহি। ঐ ক্ষুদ্র দ্বারপর্য্যন্ত আ মার সহিত চল সেই স্থানে আমি তোমার বিষয় জিজ্ঞাসা করিব এবং সেই স্থানে তুমি যদি সাহায্যপ্রাপ্তা না হও তবে তোমার স্বস্থানে ফিরিয়া যাওনবিষয়ে আমার মন সুস্থির হইবে এবং এই স্থানে আমারদের সহিত আইসনবিষয়ে আমার এবং আমার

সন্ততিপ্রতি তোমাকর্তৃক কৃতা হিতের প্রতিদান আমি তোমাকে দিব।

তাহাতে অনুগ্রহশীলা কহিল তবে আমি সে স্থানে যাইব এবং যাহা ঘটে তাহাতে আমি সম্মতা হইব। ঈশ্বর আমার প্রতি এই অনুগ্রহমাত্র করুন যে স্বর্গীয় রাজার আমার প্রতি যে রূপ বাঞ্ছা তদ্রূপ আমার প্রতি ঘটে।

ঐ বাক্যে খ্রীষ্টীয়ানীর অন্তঃকরণে অতিশয় আহ্লাদ জন্মিল সে যে এক জন সঙ্গী প্রাপ্তা হইয়াছিল কেবল ইহা নয় কিন্তু সে যে আত্মপরিত্রাণান্বেষণ চেষ্টাবিষয়ে ঐ দীনহীনা কন্যার মনোমধ্যে উদ্যোগ জন্মাইয়াছিল। এতদ্রূপে তাহারা একত্র গমন করিল এবং অনুগ্রহশীলা রোদন করিতে লাগিল তাহাতে খ্রীষ্টীয়ানী কহিল আমার ভগিনি কেন এরূপ রোদন করিতেছ।

অনুগ্রহশীলা কহিল হায় আমারদের পাপিষ্ঠ নগরে এই ক্ষণপর্য্যন্ত অবশিষ্ট আমার দীনহীন কুটুম্বেরদের দুর্দশা দেখিয়া প্রকৃতরূপে বিবেচনা করিলে রোদন না করে এমন কে আছে। কিন্তু সকলহইতে অধিক আমার মনোমধ্যে ইহা দুঃখ দেয় যে তাহারদের উপদেশকর্ত্তা এবং পশ্চাৎ কি হইবে এতদ্বিষয় শিক্ষা করাওণে তাহারদের কেহ নাই।

খ্রীষ্টীয়ানী কহিল যে দয়া যাত্রিরদের অবশ্যকরণীয় বিষয় এবং আমাকে ত্যাগ করিয়া যাওনকালে আমার ভদ্রস্বামী খ্রীষ্টীয়ান আমার অর্থে যেমন করিয়াছিলেন তেমন তুমি আত্মসখীর নিমিত্তেও করিতেছ। আমি তাঁহার বাক্যে অবধান করিলাম না এতৎ প্রযুক্ত তিনি বিলাপ করিলেন কিন্তু তাঁহার এবং আমারদের প্রভু যিনি তিনি তাঁহার অশ্রু একত্র করিয়া পাত্রে পূরিয়া রাখিলেন এবং এইক্ষণে তুমি এবং আমি এবং এই আমার প্রিয় বালকেরা তৎফল ভোগ করিতেছি। হে অনুগ্রহশীলে আমার এই ভরসা আছে যে এই তোমার অশ্রুবিম্ব ব্যর্থ না হয় যেহেতুক

সত্যাত্তা কহিয়াছেন যে যাহারা অশ্রুপাতপূর্ব্বক বপন করে তাহারা আনন্দ এবং স্তবগানপূর্ব্বক ফসল কাটিবে এবং যে ব্যক্তি বহুমূল্য বীজ বপন করত নির্গত হয় সে নিঃসন্দেহে শস্যের আটি সঙ্গে করিয়া আহ্লাদপূর্ব্বক ফিরিয়া আসিবে। ১২৬ গীত। ৫ এবং ৬ পদ।

অপর অনুগ্রহশীলা এই শ্লোকত্রয় উক্ত করিল।

যিনি নানামঙ্গল আলয় গুণাধার।
হইলে তাঁহার ইচ্ছা আপনার দ্বার॥
স্বাথানের মধ্য আরধর্ম্মধিরাধার।
পর্য্যন্ত হইলে দর্শক পথের আমার॥ ১॥

ঘটিবে ঘটুক যাহা পথেতে আমাতে।
বিনামূল্য দত্ত তাহা অনুগ্রহহইতে॥
আত্মধর্ম্মপথহইতে ফিরিয়া যাইতে।
না দেউন কখনো তিনি বাহির হইতে॥ ২॥

আমার আত্মীয় লোক আমি যাদিকে।
ফেলিয়া আস্যেছি করুন্ সংগ্রহ তাদিকে॥
সর্ব্বান্তঃকরণ মনসহ তব হয়।
জন্মাও এহেতু তাদের বাঞ্ছা প্রার্থনায়॥ ৩॥

দ্বিতীয়াধ্যায়।

* খ্রীষ্টীয়ানীর এবং তাহার সন্ততির এবং অনুগ্রহশীলার মহাপঙ্কনামক স্থান অক্লেশপূর্ব্বক পার হওনানন্তর ক্ষুদ্রদ্বারে পূর্ব্বিক গৃহীতগুণ হওন বিবরণ।

অপর আমার প্রিয় বান্ধব বৃদ্ধমহাশয় কথোপকথন পুনরারম্ভ

করিয়া কহিল যে খ্রীষ্টীয়ানী ভরসাহীন নাম মহাপঙ্কসমীপে উপস্থিতা হইয়া স্থকিতা হইল যেহেতুক সে কহিল যে যে স্থানে আমার প্রিয়স্বামির পঙ্কে মগ্ন হওয়ার আপদ ঘটিয়াছিল সেই স্থান এই। প্রথম ভাগের নয় পৃষ্ঠাবধি এগার পৃষ্ঠপর্য্যন্ত পাঠ করিয়া দেখ। তদ্ভিন্ন সে দেখিল যে যাত্রিরদের সুগমার্থে ঐ স্থান সুনির্ম্মাণ বিষয়ে রাজাজ্ঞা হইলেও তাহা পূর্ব্বাবধি অধিক মন্দ ছিল। তাহাতে আমি জিজ্ঞাসা করিলাম যে সে বাক্য সত্য কি না তাহাতে ঐ বৃদ্ধ মহাশয় কহিলেন যে হাঁ তাহা কিছু অধিক সত্য যেহেতুক অনেকে আছে যাহারা ছলপূর্ব্বক কহে আমরা রাজভৃত্য এবং রাজপথ সুনির্ম্মাণার্থে নিযুক্ত হইয়াছি কিন্তু তাহারা প্রস্তর না আনি। জঞ্জাল আবিলমাত্র আনয়নদ্বারা পথকে ভাল না করিয়া বরং অধিক মন্দ করে। অতএব এইস্থানে খ্রীষ্টীয়ানী এবং তাহার সন্ততিরা স্থকিত হইল কিন্তু অনুগ্রহশীলা কহিল আইস আমরা ভরসা কুলাইয়া যাই কিন্তু সাবধানপূর্ব্বক তাহাতে তাহারা স্বস্ব পাদবিক্ষেপবিষয়ে সাবধান হইয়া টলিতেং অতিকষ্টপূর্ব্বক পার হইল।

তথাপি খ্রীষ্টীয়ানী এক দুইবারাধিক পঙ্কে পতনপ্রায় হইয়াছিল অপর তাহারা পার হইবামাত্রেতে ভাবিল যে আমরা এপ্রকার বাক্য শুনিতেছি বিশ্বাসকারিণী ধন্যা যেহেতুক তৎপ্রতি ঈশ্বরকর্ত্তৃক কথিত বাক্য সম্পূর্ণ হইবে।

অনন্তরে তাহারা পুনর্ব্বার অগ্রসর হওত অনুগ্রহশীলা খ্রীষ্টীয়ানীকে কহিল যে ক্ষুদ্রদ্বারেতে গৃহীত হওনের তোমার যেমন আশা আছে তেমন যদি আমার হইত তবে আমি বুঝি যে আমি কোনো ভরসাহীনপঙ্কেতে নিরাশ হইতাম না।

তাহাতে খ্রীষ্টীয়ানী কহিল ভাল তোমার দুঃখ তুমি জান আমার দুঃখ আমি জানি হে প্রিয়ে সখি পথের অন্তপর্য্যন্ত পহুঁছন

সত্যতা কহিয়াছেন যে যাহারা অশ্রুপাতপূর্ব্বক বপন করে তাহারা আনন্দ এবং স্তবগানপূর্ব্বক ফসল কাটিবে এবং যে ব্যক্তি বহুমূল্য বীজ বপন করত নির্গত হয় সে নিঃসন্দেহে শস্যের আটি সঙ্গে করিয়া আহ্লাদপূর্ব্বক ফিরিয়া আসিবে। ১২৬ গীত। ৫ এবং ৬ পদ।

অপর অনুগ্রহশীলা এই শ্লোকত্রয় উক্ত করিল।

যিনি নানামঙ্গল আলয় গুণাধার।
হইলে তাঁহার ইচ্ছা আপনার দ্বার॥
যাথানের মধ্য আরধর্ম্মধিরাধার।
পর্য্যন্ত হইলে দর্শক পথের আমার॥ ১॥

ঘটিবে ঘটুক যাহা পথেতে আমাতে।
বিনামূল্য দত্ত তাহা অনুগ্রহ হইতে॥
আত্মধর্ম্মপথ হইতে ফিরিয়া যাইতে।
না দেউন কখনো তিনি বাহির হইতে॥ ২॥

আমার আত্মীয় লোক আমি যাদিকে।
ফেলিয়া আস্যেছি করুন সংগ্রহ তাদিকে॥
সর্ব্বান্তঃকরণ মনসহ তব হয়।
জন্মাও এহেতু তাদের বাঞ্ছা প্রার্থনায়॥ ৩॥

দ্বিতীয়াধ্যায়।

• খ্রীষ্টীয়ানীর এবং তাহার সন্ততির এবং অনুগ্রহশীলার মহাশঙ্কনায়ক স্থান অতিক্রম পূর্ব্বক পার হওনানন্তর ক্ষুদ্রদ্বারে পূর্ব্বক গৃহীতস্বত্ত হওন বিবরণ।

অপর আমার প্রিয় বান্ধব বৃদ্ধমহাশয় কথোপকথন পুনরারম্ভ

করিয়া কহিল যে খ্রীষ্টীয়ানী ভরসাহীন নাম মহাপঙ্কসমীপে উপস্থিতা হইয়া স্থকিতা হইল যেহেতুক সে কহিল যে যে স্থানে আমার প্রিয়স্বামির পঙ্কে মগ্ন হওয়ার আপদ ঘটিয়াছিলসেই স্থান এই। প্রথম ভাগের নয় পৃষ্ঠাবধি এগার পৃষ্ঠপর্য্যন্ত পাঠ করিয়া দেখ। তদ্ভিন্ন সে দেখিল যে যাত্রিরদের সুগমার্থে ঐ স্থান সুনির্ম্মাণ বিষয়ে রাজাজ্ঞা হইলেও তাহা পূর্ব্বাবধি অধিক মন্দ ছিল। তাহাতে আমি জিজ্ঞাসা করিলাম যে সে বাক্য সত্য কি না তাহাতে ঐ বৃদ্ধ মহাশয় কহিলেন যে হাঁ তাহা কিছু অধিক সত্য যেহেতুক অনেকে আছে যাহারা ছলপূর্ব্বক কহে আমরা রাজভৃত্য এবং রাজপথ সুনির্ম্মাণার্থে নিযুক্ত হইয়াছি কিন্তু তাহারা প্রস্তর না আনি া জঞ্জাল আবিলমাত্র আনয়নদ্বারা পথকে ভাল না করিয়া বরং অধিক মন্দ করে। অতএব এইস্থানে খ্রীষ্টীয়ানী এবং তাহার সন্ততিরা স্থকিত হইল কিন্তু অনুগ্রহশীলা কহিল আইস আমরা ভরসা কুলাইয়া যাই কিন্তু সাবধানপূর্ব্বক তাহাতে তাহারা স্বস্ব পাদবিক্ষেপবিষয়ে সাবধান হইয়া টলিতেং অতিকষ্টপূর্ব্বক পার হইল।

তথাপি খ্রীষ্টীয়ানী এক দুইবারাধিক পঙ্কে পতনপ্রায় হইয়াছিল অপর তাহারা পার হইবামাত্রেতে ভাবিল যে আমরা এ প্রকার বাক্য শুনিতেছি বিশ্বাসকারিণী ধন্যা যেহেতুক তৎপ্রতি ঈশ্বরকর্তৃক কথিত বাক্য সম্পূর্ণ হইবে।

অনন্তরে তাহারা পুনর্ব্বার অগ্রসর হওত অনুগ্রহশীলা খ্রীষ্টীয়ানীকে কহিল যে ক্ষুদ্রদ্বারেতে গৃহীত হওনের তোমার যেমন আশা আছে তেমন যদি আমার হইত তবে আমি বুঝি যে আমি কোনো ভরসাহীনপঙ্কেতে নিরাশ হইতাম না।

তাহাতে খ্রীষ্টীয়ানী কহিল ভাল তোমার দুঃখ তুমি জান আমার দুঃখ আমি জানি হে প্রিয়ে সখি পথের অন্তপর্য্যন্ত পহুঁছন

পূর্ব্বে আমারদের যথেষ্ট দুঃখ হইবে। কেননা যে লোকেরা আমারদের বাঞ্ছিত বৈভবস্বরূপ বৈভব চেষ্টা করে এবং তদ্বৈভববিষয়ে আমারদের তুল্য দ্বেষপ্রাপ্ত তাহারদের আমারদের শত্রুকর্ত্তৃক সাধ্যপর্য্যন্ত দত্ত ভয় ও আপদ ও দুঃখকষ্ট ইত্যাদির সহিত যে সাক্ষাৎ হইবে না ইহা অনুমান করাই অনুচিত।

এতৎসময়ে প্রখরবুদ্ধি স্বপ্নদর্শনবিষয়ে আমাকে একাকী ত্যাগ করিয়া গেল তাহাতে আমি মনোমধ্যে ভাবিলাম যে আমি খ্রীষ্টীয়ানীকে এবং অনুগ্রহশীলাকে এবং বালকেরদিগকে দ্বার নিকটে উপস্থিত হইতে দেখিলাম। পরে সে স্থানে উপস্থিত হইয়া দ্বারে কি প্রকার ডাকিবে এবিষয়ে এবং দ্বারমোচক ব্যক্তির প্রতি তাহারদের কি বক্তব্য এতদ্বিষয়ে তাহারা পরস্পর কিঞ্চিদ্বিবাদ করিল তাহাতে স্থিরীকৃত হইল যে খ্রীষ্টীয়ানী জ্যেষ্ঠাপ্রযুক্ত দ্বারমোচনার্থে আঘাত করিবে এবং অন্যেরদের প্রতিনিধি হইয়া সে দ্বারমোচকের সহিত কথাবার্ত্তা কহিবে।

অপর খ্রীষ্টীয়ানী আঘাত করিতে লাগিল এবং তাহার স্বামি বেচারার ন্যায় বারম্বার আঘাত করিল। প্রথমভাগের ২৪ পৃষ্ঠ পাঠ করিয়া দেখুন। কিন্তু কেহ উত্তর দিল না বরঞ্চ তাহারা বোধ করিল যে এক কুক্কুর তাহারদের উপর খেউং করিয়া আসিতেছিল সে কুক্কুর অতিবৃহৎ তাহাতে স্ত্রী লোকেরা এবং বালকেরা বড় ভীত হইল পরে পাছে ঐ বৃহৎ কুক্কুর তাহারদের উপর ঝাঁপিয়া পড়ে এভয়ে তাহারা কিঞ্চিৎকাল আঘাত করণে ক্ষান্ত হইল। এতদ্রূপ তাহারা মনেতে বড় উৎকণ্ঠিত হইয়া কি করিবে ইহা জ্ঞাত ছিল না বিশেষতঃ কুক্কুরপ্রযুক্ত আঘাত করণে তাহারা ভীত হইল এবং ফিরিয়া যাওনে তাহারা ভীত হইল পাছে দ্বারপাল তাহারদিগকে দেখিয়া তাহারদের বিষয়ে রাগান্বিত হয়। শেষে তাহারা পুনর্ব্বার আঘাত করণে স্থির করিয়া পূর্ব্বাপেক্ষা অতিশয় আঘাত করিল তাহাতে দ্বারপাল জিজ্ঞাসিল যে ওস্থানে কে তাহাতে কুক্কুর

ভেউং করণে ক্ষান্ত দিল এবং সে তাহারদের প্রতি দ্বার খুলিয়া দিল।

অপর খ্রীষ্টীয়ানী প্রণাম করিয়া কহিল যে অট্টালিকা দ্বার তুল্য এই দ্বারেতে আঘাত করণপ্রযুক্ত আমারদের প্রভু আপন দাসীরদের প্রতি ক্রুদ্ধ না হউন তাহাতে দ্বারপাল উঠিয়া কহিল তোমরা কোথাহইতে আসিয়াছ এবং কি চাহ।

খ্রীষ্টীয়ানী উত্তর করিয়া কহিল যে খ্রীষ্টীয়ান যে স্থানহইতে আসিয়াছিল সে স্থানহইতে এবং সে যে বিষয়জন্যে আসিয়াছিল আমরা সে বিষয়জন্য আসিয়াছি বিশেষতঃ আপনকার যদি অনুমতি হয় তবে এই দ্বার হইয়া রাজধানীপ্রতি গমনপথেতে অনুগ্রহপূর্ব্বক গৃহীত হওনার্থে আসিয়াছি এবং আমি আপন প্রভুকে কহি যে আমি খ্রীষ্টীয়ানী উর্দ্ধগত ঐ খ্রীষ্টীয়ানের ভার্য্যা।

তাহাতে দ্বারপাল বিস্ময়াপন্ন হইয়া কহিল কিঞ্চিৎকাল পূর্ব্বে যাত্রিধর্ম্ম তুচ্ছ করিয়াছিল যে সে কি এখন যাত্রিণী হইয়াছে তাহাতে সে মাথা নোঁয়াইয়া কহিল হাঁ এবং এই আমার প্রিয় সন্ততিরাও।

অপর ঐ দ্বারপাল খ্রীষ্টীয়ানীর হস্ত ধরিয়া তাহাকে অন্তরে আনিয়া কহিল যে বালকেরদিগকেও আমার নিকটে আসিতে দেও পরে সে ঐ দ্বার রুদ্ধ করিল। অপর আহ্লাদপ্রযুক্ত খ্রীষ্টীয়ানীকে আনন্দ এবং তূরীবাদ্যপূর্ব্বক অতিথি করণার্থে দ্বারপাল দ্বারোর্দ্ধবাসি একতূরীবাদককে ডাকিল তাহাতে ঐ তূরীবাদক দ্বারপাল বাক্যানুসারে বাদ্য করত সুশ্রাব্য ধ্বনিতে আকাশ পরিপূর্ণ করিল।

কথিত তাবৎসময়ে অগৃহীতা হইয়াছি এ ভয়প্রযুক্ত কম্পমানা এবং ক্রন্দিতা হইয়া অনুগ্রহশীলা বাহিরে দাঁড়াইয়া রহিল কিন্তু খ্রীষ্টীয়ানী এবং তাহার সন্ততি গৃহীতা হইলে পর সে অনুগ্রহশীলার নিমিত্তে এতদ্রূপে প্রার্থনা করিতে লাগিল।

হে আমার প্রভু আমি যে বিষয়ে আসিয়াছি তদ্বিষয়ে আগ ন্ত্রী আমার সহায়া এক জন বাহিরে দণ্ডায়মানা আছে সে মনেতে অতিশয় ব্যাকুলা আছে যেহেতুক সে ভাবে যে সে অনাহূতা আসিয়াছে কিন্তু আমি আমার স্বামির রাজকর্ত্তৃক আহূতা।

ইত্যবসরে অনুগ্রহশীলা অতিশয় অধৈর্য্যশীলা হইয়া একং পল একং দণ্ড ভাবিল তাহাতে সে স্বয়ংই দ্বারেতে আঘাত করণ দ্বারা আত্মবিষয়ে খ্রীষ্টীয়ানীর উপরোধ নিবারণ করিল এবং সে এমত শব্দপূর্ব্বক আঘাত করিল যে খ্রীষ্টীয়ানী চমকিয়া উঠিল তাহাতে দ্বারপাল জিজ্ঞাসিল যে ওস্থানে কে তাহাতে খ্রীষ্টীয়ানী কহিল আমার সখী।

তাহাতে দ্বারপাল দ্বার খুলিয়া দেখিল কিন্তু অনুগ্রহশীলা বাহিরে মূর্চ্ছিতা হইয়া পড়িয়াছিল যেহেতুক তাহার প্রতি দ্বার খোলা যাইবে না এই ভয়প্রযুক্ত সে মূর্চ্ছিতা হইয়াছিল।

পরে দ্বারপাল তাহার হস্ত ধরিয়া কহিল হে কন্যে উঠিয়া দাঁড়াও।

তাহাতে সে কহিল হে মহাশয় আমি অতিদুর্ব্বলা হইয়াছি প্রায় আমাতে প্রাণ নাই। তাহাতে সে কহিল অন্য ব্যক্তিতে কহিয়াছে যে আমার প্রাণ আমাতে ক্লান্ত হইলে আমি ঈশ্বরকে স্মরণ করিলাম তাহাতে আমার প্রার্থনারব আপনকার স্থানে আপনকার পবিত্রমন্দিরে উপস্থিত হইল অতএব ভীতা হইও না পায়ে উঠিয়া দাঁড়াও এবং কি জন্যে আসিয়াছ ইহা আমাকে কহ।

তাহাতে অনুগ্রহশীলা কহিল যদ্বিষয়ে আমি আহূতা হই নাই যথা আমার সখী খ্রীষ্টীয়ানী আসিয়াছিল তেমন তদ্বিষয়প্রাপণার্থে আমি আসিয়াছি তিনি রাজকর্ত্তৃক আহূতা হইয়াছিলেন আমি তৎকর্ত্তৃক আহূতা অতএব আমি ঝাক্ মারি গর্ব্বপূর্ব্বক আসিয়াছি।

অপর দ্বারপাল জিজ্ঞাসিল যে খ্রীষ্টীয়ানী কি তোমাকে আপনার সঙ্গে এইস্থানে আসিতে বাঞ্ছা করিয়াছিল।

তাহাতে অনুগ্রহশীলা কহিল হাঁ এবং আপনি প্রভু যেমন আমাকে এস্থানে দেখিতেছেন তেমন আমি উপস্থিত হইয়াছি এবং পাপক্ষমাবশেষ যদি থাকে তবে আমি এই প্রার্থনা করি যে আপনকার দাসী তৎক্ষমাভাগিনী হয়।

অপর দ্বারপাল পুনর্ব্বার তাহার হস্ত ধরিয়া তাহাকে শনৈঃ২ অন্তরে লইয়া যাইয়া কহিল যে যদুপায়দ্বারা আমার নিকটে কেহ আইসে তাহাতে কোনো চারা নাই যে কেহ প্রত্যয় করে তাহারদের নিমিত্তে আমি প্রার্থনা করি। পরে দ্বারপাল নিকট দণ্ডায়মান ব্যক্তিরদিগকে কহিল অনুগ্রহশীলার মূর্চ্ছিতা হওন নিবারণনিমিত্তে ঘ্রাণার্থে কোনো কিছু ঔষধ আনিয়া দেও তাহাতে তাহারা সুগন্ধি বচ এক আটি আনিয়াদিল কতকক্ষণ পরে তাহার উপশম হইল।

অপর খ্রীষ্টীয়ানী এবং তাহার সন্ততি এবং অনুগ্রহশীলা পথের মাথায় তাহারদের প্রভুকর্ত্তৃক গৃহীত হইল এবং তিনি তাহারদের সহিত অতিপ্রিয়বচনপূর্ব্বক কথা কহিলেন। তাহাতে তাহারা তাহাকে কহিল আমরা স্বপাপজন্য বহুদুঃখী আছি এবং তৎক্ষমা এবং ইহার পরে আমারদের কি কর্ত্তব্য ইহা আমরা আমারদের প্রভুর স্থানে যাচ্ঞা করি।

তাহাতে তিনি কহিলেন যে আমি বাক্যদ্বারা এবং কার্য্যদ্বারা পাপ ক্ষমা করি বিশেষতঃ কথাদ্বারা অর্থাৎ ক্ষমা অঙ্গীকারদ্বারা। কার্য্যদ্বারা অর্থাৎ আমার তৎক্ষমা প্রাপণোপায়দ্বারা। তাহার মধ্যে প্রথমকে অর্থাৎ আমার বাক্যদ্বারা ক্ষমাকে আমার ওষ্ঠহইতে চুম্বন সহকারে গ্রহণ কর এবং দ্বিতীয়কে অর্থাৎ কার্য্যদ্বারা ক্ষমাকে যদ্রূপে প্রকাশিত হইবে তদ্রূপে গ্রহণ কর।

অপর আমি স্বপ্নে দেখিলাম যে তিনি তাহারদের সহিত আরও অনেক সুবাক্য কহিলেন তাহাতে তাহারদের অন্তঃকরণ অতিশয় আহ্লাদযুক্ত হইল। পরে তিনি তাহারদিগকে দ্বারোপরিভাগে লইয়া কোন কার্য্যদ্বারা তাহারা নিস্তার পাইয়াছিল ইহা দেখাইয়া কহিলেন যে ইহার পরে পথ গমনসময়ে তোমারদের সান্ত্বনার্থে তোমরা তাহার দর্শন পুনর্ব্বার পাইবা।

পরে কিয়ৎকালজন্যে তিনি তাহারদিগকে এক বাতায়নে ত্যাগ করিয়া গেলেন তাহাতে তাহারা পরস্পর এতদ্রূপ কথোপকথন আরম্ভকরিলে খ্রীষ্টীয়ানী কহিল হে ঈশ্বর আমরা যে এই স্থানে পহুঁছিয়াছি ইহাতে আমার অতিশয় আহ্লাদ।

অনুগ্রহশীলা কহিল তোমার বহু আহ্লাদ হইতে পারে বটে কিন্তু সর্ব্বাপেক্ষা আহ্লাদিতা হইবার আমার অধিক প্রয়োজন।

খ্রীষ্টীয়ানী কহিল দ্বারে দণ্ডায়মান সময়ে একবার আমি ভাবিয়াছিলাম যে আমারদের তাবৎ শ্রম বৃথা হইয়াছে অধিকন্তু যখন সে দুর্দ্দান্ত কুক্কুর আমারদের প্রতি ঘেউং করিয়া আসিয়াছিল যে হেতুক আমি দ্বারে আঘাত করিলেও কেহ উত্তর দিল না।

অনগ্রহশীলা কহিল কিন্তু এবিষয়ে আমার সর্ব্বাপেক্ষা অধিক ভয় ছিল যে যখন আমি দেখিলাম তুমি অনুগ্রহপূর্ব্বক গৃহীতা হইয়াছিলা এবং আমি ত্যক্তা হইয়াছিলাম বিশেষতঃ সে সময়ে আমি ভাবিলাম যে ধর্ম্মগ্রন্থে কথিত বাক্য সম্পূর্ণ হইয়াছে দুই স্ত্রী এক স্থান হইয়া জাঁতাপিষণ করত রহিবে তাহারদের মধ্যে এক গৃহীতা এবং অন্য ত্যক্তা হইবে। আমি বিনষ্ট হইয়াছি এই বিষয়েও ক্রন্দন করণে বিরত হওনে আমার বহু কষ্ট হইয়াছিল।

তাহাতে আর আঘাত করণে আমি অধিক ভীত হইয়াছিলাম কিন্তু দ্বারোর্দ্ধ লিখনপ্রতি দৃষ্টি করণানন্তর আমার সাহস জন্মিল। প্রথম ভাগের ২৬ পৃষ্ঠ দৃষ্টি করিয়া দেখুন। তদ্ভিন্ন আমি ভাবি

লাম যে আমার পুনর্ব্বার আঘাত করণোচিত নতুবা মরণ নিশ্চয় তাহাতে আমি পুনর্ব্বার আঘাত করিলাম কিন্তু কি প্রকারে আঘাত করিলাম ইহা জানি না যেহেতুক মরি কি বাঁচি এবিষয়দ্বারা আমার প্রাণ আকৃষ্ট হইয়াছিল।

খ্রীষ্টীয়ানী জিজ্ঞাসিল তুমি কিপ্রকারে আঘাত করিয়াছিলা ইহা কি তুমি কহিতে পার না আমি ইহা নিশ্চয় জানি যে তোমার আঘাত এমন মনোযোগপূর্ব্বক ছিল যে তাহার শব্দে আমার প্রাণ চমকিয়া উঠিয়াছিল আমি ভাবিলাম যে এতদ্রূপ আঘাত আমার তাবদায়ুতে আমি শুনি নাই আমি ভাবিলাম যে তুমি বলদ্বারা প্রবিষ্টা হইবা বা চড়াউ করণদ্বারা রাজ্য আক্রমণ করিবা।

অনুগ্রহশীলা কহিল হায় আমার ন্যায় তদবস্থাগ্রস্তা কে তদ্রূপ না করিবে। তুমি দেখিয়াছিলা যে দ্বার আমার বিরুদ্ধে রুদ্ধ ছিল এবং তৎসমীপে এক দুর্দান্ত কুক্কুর ছিল অতএব আমি কহি আমার মত ক্ষীণান্তঃকরণা কোন ব্যক্তি আমার ন্যায় তাবৎ শক্তির সহিত আঘাত না করিবে। কিন্তু কহ দেখি আমার তদ্রূপ অনাচার দেখিয়া আমার প্রভু কি কহিয়াছিলেন তিনি কি আমার প্রতি ক্রুদ্ধ ছিলেন।

খ্রীষ্টীয়ানী কহিল যখন তিনি তোমার ধুম্‌ধাম্‌ শব্দ শুনিলেন তখন তিনি অত্যাশ্চর্য্যপূর্ব্বক ঈষদ্ধাস্যবদন হইয়া রহিলেন তাহাতে আমি বুঝি যে তুমি যাহা করিলা তাহাতে তিনি বড় সন্তুষ্ট ছিলেন যেহেতুক তদন্যথা করিয়া তিনি কোনো বৈলক্ষণ্য দর্শাইলেন না। কিন্তু তিনি যে এমত কুক্কুর রাখেন ইহাতে আমার বড় আশ্চর্য্য বোধ হয় তাহা যদি আমি পূর্ব্বে জানিতাম তবে আমি এতদ্রূপ সাহসিকা হইয়া কখনো যাইতাম না কিন্তু আমরা এইক্ষণে অভ্যন্তরে প্রবিষ্ট হইয়াছি ইহাতে আমার অতিশয় আহ্লাদ।

অনুগ্রহশীলা কহিল আপনি যদি সম্মতা হন তবে দ্বারপাল পুনর্ব্বার নামিয়া আইলে আমি তাঁহাকে জিজ্ঞাসা করিব যে আ পনি আপনকার উঠানে এমত দুর্দ্দান্ত কুক্কুর রাখেন কেন এবং আমি ভরসা রাখি যে তিনি তাহাতে ক্রুদ্ধ হইবেন না।

তাহাতে বালকেরা কহিল যে তদ্রূপ কর এবং তিনি যে সে কুক্কুরকে ফাঁসি দেন এপ্রকার তাঁহার মনকে লওয়াও কেননা আমরা ডরাই পাছে এই স্থানহইতে গমনকালে সে আমার দিগকে কামড়ায়।

অপর কতককাল গৌণে ঐ দ্বারপালিকা পুনর্ব্বার তাহারদের নিকটে নামিয়া আইল তাহাতে অনুগ্রহশীলা তাঁহার সাক্ষাৎ উবুড় হইয়া তাঁহাকে ভজনা করিয়া কহিল যে আমি স্বওষ্ঠের বৎ সদ্বারা স্তুতির যে নৈবেদ্য এইক্ষণে আপনার উদ্দেশে নিবেদন করি তাহা আমার প্রভু গ্রহণ করন।

তাহাতে দ্বারপাল অনুগ্রহশীলাকে কহিলেন তোমার মঙ্গল হউক উঠিয়া দাঁড়াও কিন্তু সে তদ্রূপ উবুড়ভাবাপন্না হইয়া কহিল অহে প্রভু আপনি যথার্থময় আপনকার সহিত আমি যখন বাদা নুবাদ করি তখন আপনকার বিচারবিষয়ে আমাকে কথা কহিতে দেউন এইমত দুর্দ্দান্ত কুক্কুর আপনি কিজন্যে আপনকার উঠানে রাখেন তাহা দেখিয়া আমারদের মত স্ত্রীলোক এবং বালক যে আমরা আমরা ভয়েতে দ্বারহইতে পলায়মানপ্রায় হই।

তাহাতে তিনি উত্তর করিয়া কহিলেন যে ঐ কুক্কুরের অন্য স্বামী আছে সেকুক্কুর অন্যলোকের ভূমিতে বদ্ধ আমার যাত্রিরা তাহার ভেউং শব্দমাত্র শুনে কতকদূর সম্মুখে দৃষ্ট ঐ গড়ের কুক্কুর সে কিন্তু এই ভিত্তিমূলপর্য্যন্ত আসিতে পারে। প্রথম ভাগের ২৭ পৃষ্ঠ দৃষ্টি করিয়া দেখুন। তাহার গর্জ্জনের বৃহচ্ছব্দদ্বারা সে ভয়জন্মাওনেতে অনেক সাধু যাত্রিরদিগকে মন্দ ছাড়াইয়া ভদ্রের

প্রতি লওয়াইয়াছে। আরো কহি তাহার কর্ত্তা যে সে আমার প্রতি বা আমার কোনো লোকপ্রতি ভদ্রবাঞ্ছাপ্রযুক্ত তাহাকে রাখে না কিন্তু যাত্রিরা আমার এস্থানে না আইসে এবং আমার এই দ্বারে আসিয়া আঘাত করণবিষয়ে যে ভীত হয় এতচ্চেষ্টায়। কখনো২ ঐ কুক্কুর ছুটিয়া আমার কতক প্রিয়ব্যক্তিরদিগকে ত্যক্ত করিয়াছে কিন্তু সে সকলবিষয়ে আমি অদ্যপর্য্যন্ত অতিধৈর্য্যা বলম্বন করিয়া রহিয়াছি। আমিও কার্য্যোপস্থিতিকালে আমার যাত্রিরদিগকে উপকার করি তাহাতে সেই কুক্কুরের যেরূপ স্বভাব তদ্বাঞ্ছানুসারে সে যে করে এতদ্রূপ তাহারা তাহার বাঞ্ছাধীনত্বে অর্পিত নয়। কিন্তু হে আমার ক্রীতা এই কুক্কুর দেখিয়া তুমি যে ভীতা না হও তোমার মধ্যে এত জ্ঞান আছে আমার ভরসা ছিল।

দ্বারে২ ভ্রমণকারি ভিক্ষুকেরা দানাপ্রাপ্তিবিষয়ে অসম্মত হইয়া বরং কুক্কুরের খেউ২ শব্দ এবং কামড়ানিও সহ্য করে তবে অন্য লোকের ভূমিতে বদ্ধ কুক্কুর অর্থাৎ যে কুক্কুরের খেউ২ শব্দেতে আমি যাত্রিরদের হিত জন্মাই সে কি আমার নিকটে আইসনবিষয়ে কাহাকে বারণ করিবে আমি তাহারদিগকে সিংহহইতে রক্ষা করি এবং আমার প্রিয়কে কুক্কুরের পরাক্রমহইতে উদ্ধার করি।

তাহাতে অনুগ্রহশীলা কহিল আমার মূর্খতা আমি স্বীকার করি আমি যাহাতে অনভিজ্ঞা তাহা কহি আপনি যে সমস্ত বিষয়ের সুব্যবস্থা করেন ইহা আমি স্বীকার করি।

অপর খ্রীষ্টীয়ানী আপন যাত্রাবিষয়ে কথোপকথন আরম্ভ করিয়া পথবিবরণ জিজ্ঞাসা করিতে লাগিল। পরে ঐ দ্বারপাল তাহারদিগকে অন্নজল দিয়া জলদ্বারা তাহারদের পাদ প্রক্ষালনানন্তর পূর্ব্বে খ্রীষ্টীয়ানীর স্বামিকে লইয়া যেমন করিয়াছিলেন তেমন স্বপ্নদর্শিত পথে তাহারদের পাদপ্রক্ষেপ করাইলেন।

অপর আমি স্বপ্নে দেখিলাম যে তাহারা পথে অগ্রসর হইল এবং কালরীতি অতিশুভ ছিল।

পরে খ্রীষ্টীয়ানী এই শ্লোকত্রয় গান করিল।

যেদিনে করিলাম যাত্রা হইয়া যাত্রিণী।
সেদিবস ধন্য২ আর মোরে যিনি॥
করিলেন্ চালন সেই যাত্রার বিষয়ে।
তিনিও বটেন ধন্য আমার আশয়ে॥ ১॥

অক্ষয় আয়ুর হেতু উদ্যোগ অপার।
সবিলম্বে ছিল সত্য শুন হে আমার॥
ধাইতেছি সাধ্যাবধি কিন্তু এইক্ষণে।
অনুদ্যোগাপেক্ষা গৌণ ভাল মম মনে॥ ২॥

যেমন দেখেছি তেমন অশ্রূপাত আর।
সংশয়বদনে তুষ্টি পুত্যয় আমার॥
হইয়াছে কারণ এই অন্যের কথায়।
আমারদের যাত্রারম্ভ যাত্রান্ত দেখায়॥ ৩॥

তৃতীয়াধ্যায়।

যাত্রিরদের আক্রান্ত হইয়া মুক্তি প্রাপন এবং অর্থদায়কের গৃহেতে শুভপূর্ব্বক অতিথি হওন বিবরণ।

অপর খ্রীষ্টীয়ানীর এবং তাহার সহায়ের গন্তব্য পথপার্শ্বস্থ বেড়ার অন্যপার্শ্বে এক উদ্যান ছিল ঐ উদ্যান কথিত খেউং কারি

কুক্কুরের কর্ত্তার উদ্যান। ঐ উদ্যানের কতক বৃক্ষের ডাল বেড়ার উপর দিয়া লতিয়া পড়িল এবং তদ্বৃক্ষস্থ ফল পক্কপ্রযুক্ত গন্তারা সে সকল পাড়িয়া খাওনেতে তাহারদের হিংসা জন্মিল। তাহা দেখিয়া খ্রীষ্টীয়ানীর সন্ততিরা বাল্যরীতানুসারে ঐ বৃক্ষেতে এবং তদ্বৃক্ষোপরি উৎপন্ন ফলেতে আহ্লাদিত হইয়া সে সকল পাড়িয়া খাইতে আরম্ভ করিল তাহা দেখিয়া তাহারদের মাতা তাহারদিগকে অনুযোগ করিল কিন্তু তথাপি তাহারা খাইল।

তাহাতে খ্রীষ্টীয়ানী স্বসন্ততিরদের প্রতি কহিল যে হে বালকেরা তোমরা আজ্ঞালঙ্ঘন করিতেছ কেননা সে ফল আমারদের নয় কিন্তু সে জ্ঞাত ছিল না যে সে ফল শত্রুর অধিকার আমি নিশ্চয় কহি সে যদি তাহা জানিত তবে সে ভয়েতে আপন প্রাণ ত্যাগ করিত কিন্তু সে আপদ্ তদ্রূপে বিগতা হইল এবং তাহারা স্বপথে অগ্রসর হইল। অপর পথপ্রবেশস্থানহইতে তাহারা দুই তির আন্দাজমাত্র গিয়াছে ইহার মধ্যে তাহারদের প্রতি শীঘ্র আগমনকারি কুশাকার ব্যক্তিদ্বয়কে তাহারা দেখিল। তাহা দেখিয়া খ্রীষ্টীয়ানী এবং তাহার মিত্রা অনুগ্রহশীলা আপনারদিগকে ঘোম্টাদ্বারা ঢাকিয়া স্বপথে গমন করিতে লাগিল এবং বালকেরা অগ্র হইয়া চলিল এইরূপে তাহারা অবশেষে একত্র মিলিল। এমত সময়ে ঐ আগমনকারিব্যক্তিদ্বয় স্ত্রীলোকেরদের নিকটে উপস্থিত হইয়া তাহারদিগকে আলিঙ্গন করে এমত আচার করিতে লাগিল তাহাতে খ্রীষ্টীয়ানী কহিল দূরে দাঁড়া বা ভালোমানুষের মত স্বপথে চলিয়া যা কিন্তু ঐ ব্যক্তিদ্বয় কালার আচরণ দেখাইয়া খ্রীষ্টীয়ানীর বাক্যে মনোযোগ দিল না বরং তাহারদের উপরে হস্ত দেওনে উদ্যত হইল তাহাতে খ্রীষ্টীয়ানী তাহারদের প্রতি অতিক্রুদ্ধাকারা হইয়া লাথি দেখাইলে অনুগ্রহশীলাও স্বসাধ্যানুসারে তাহারদিগকে এড়ানে চেষ্টা পাইতে লাগিল। পরে খ্রীষ্টীয়ানী তাহারদিগকে পুনর্ব্বার কহিল আমারদের নিকটে

ঘেঁষিও না দূর হও যেহেতুক তোমরা যেমন দেখিতেছ তেমন আমরা যাত্রিনী এবং পরদারোপভোগিনী তৎপ্রযুক্ত আমারদের কোনো টাকা কড়ি নাই।

তাহাতে ঐ কৃশাকার ব্যক্তিদ্বয়ের মধ্যে এক জন কহিল আমরা তোমারদের টাকার জন্যে আসি নাই কিন্তু তোমারদিগকে কহিতে আসিয়াছি যে তোমরা আমারদের প্রার্থনীয় এক বিষয়ে যদি সম্মতা হও তবে তোমারদিগকে চিরসুস্থিতা করিব।

তাহা শুনিয়া এবং তাহারদের প্রয়োজনজ্ঞ হইয়া খ্রীষ্টীয়ানী পুনর্ব্বার এ কথা কহিয়া উত্তর করিল যে আমরা তোমারদের বাক্য শুনিব না এবং তাহাতে অবধান করিব না এবং তোমরা যাহা যাচ্ঞা কর তাহাতেও সম্মতা হইব না আমারদের বড় তাড়া আমরা থাকিতে পারি না আমারদের কার্য্য অতিপ্রয়োজনার্হ। তাহাতে খ্রীষ্টীয়ানী এবং তাহার সহায়ারা ঐ কৃশাকারব্যক্তিরদিগকে লঙ্ঘিয়া যাওনে পুনর্ব্বার উদ্যোগ করিল কিন্তু তাহারা পথমধ্যে আসিয়া উপস্থিত হইল।

পরে ঐ কৃশাকারব্যক্তিদ্বয় কহিল তোমারদের প্রাণের হিংসা আমরা চেষ্টা করি না কিন্তু অন্য কিছু চাহি।

তাহাতে খ্রীষ্টীয়ানী কহিল যে বটে তোরা আমারদের শরীর প্রাণ দুই চাহিস যেহেতুক আমি জানি তোরা সেই জন্যে আসিয়াছিস কিন্তু আমরা এস্থানে সদ্য মরণে সম্মতা আছি তবু পরকালে আমারদের মঙ্গল নিবারক আপদে নীতা হওনে সম্মতা নই এই কথা কহিয়া তাহারা দুই জনে খুনং বলিয়া চীৎকার করণদ্বারা স্ত্রীলোকের সম্ভ্রম রক্ষার্থক ব্যবস্থাধীন আপনারদিগকে সঙ্গত করিল। তথাপি তাহারদিগকে পরাস্ত করে এই আশয়ে ঐ ব্যক্তিদ্বয় তাহারদের নিকটে পুনর্ব্বার গেল তাহাতে তাহারা পুনর্ব্বার চীৎকার শব্দ করিল।

আমি যেমন কহিয়াছি তেমন ঐ সময়ে ঐ স্ত্রী লোকেরা প্রবেশ

দ্বারহইতে বহুদূর যায় নাই তাহাতে তাহারদের শব্দ সেই স্থান হইতে শুনা গেল তাহাতে গৃহস্থেরদের কতক লোক নির্গত হইয়া খ্রীষ্টীয়ানির শব্দ ইহা জ্ঞাত হইয়া তাহারদের উপকারার্থে দৌড়িয়া গেল কিন্তু ঐ গৃহস্থেরা উপস্থিত হয় নাই এমত সময়ে ঐ কুশাকার ব্যক্তিদ্বয় স্ত্রীলোকেরদের সহিত বড় হুড়ামুড়ি করিতে লাগিল এবং বালকেরা নিকটে দাঁড়িয়া ক্রন্দন করিতে ছিল। পরে ঐ স্ত্রীলোকেরদের উপকারার্থে আগন্তুক ব্যক্তি উপস্থিত হইয়া ঐ দুষ্টব্যক্তিদ্বয়কে হাঁকিয়া কহিল তোমরা কি করিতে চাহ আমার প্রভুর লোকেরদিগকে তোমরা কি অতিক্রম করাইতে চাহ ইহা কহিয়া সে তাহারদিগকে ধরণে চেষ্টা করিল কিন্তু তাহারা বেড়া লঙ্ঘিয়া কথিত কুক্কুরস্বামির উদ্যানেতে পলাইল তাহাতে সে কুক্কুর তাহারদের রক্ষক হইল। পরে ঐ উপকারকর্ত্তা স্ত্রীলোকেরদের নিকটে উপস্থিত হইয়া জিজ্ঞাসিল তোমরা কেমন আছ তাহাতে তাহারা উত্তর করিয়া কহিল আপনকার অধিপতির অনুগ্রহেতে আমরা ভাল আছি কেবল কিঞ্চিৎ ভয়াক্রান্তা হইয়াছি এবং আপনকারও স্তুতি করি যে আপনি যেহেতুক আমারদের উপকারার্থে আসিয়াছেন নহিলে আমরা পরাস্তা হইতাম।

অপর কিঞ্চিৎ কথোপকথনানন্তর ঐ উপকারক তাহারদিগকে রক্ষ্যমাণরূপে কহিল যে পূর্ব্বদ্বারে অতিথি হওন কালে আমার বড় আশ্চর্য্য বোধ হয় যে তোমরা প্রভুর স্থানে পথপ্রদর্শক যাচ্ঞা কর নাই যেহেতুক তোমরা জান যে তোমরা দুর্ব্বলা স্ত্রীমাত্র যাচ্ঞা করিলে তিনি পথপ্রদর্শক দিতেন এবং তোমরা এই আপদ্দুঃখ ইত্যাদি এড়াইতে পারিতা।

তাহাতে খ্রীষ্টীয়ানী কহিল যে হায় কি কহিব সম্প্রতি প্রাপ্তাশীর্দ্বারা আমরা এমত মগ্না হইয়াছিলাম যে ভাবি আপদ্ আমারদের স্মরণেও উপস্থিত হইল না। আরো কহি যে কে ভা

বিবে যে রাজার অট্টালিকাসমীপে এতদ্রূপ দুষ্ট লোক লুক্কায়িত থাকিবে। পথপ্রদর্শক একজনের নিমিত্তে যদি আমরা আমারদের প্রভুর স্থানে যাচ্ঞা করিতাম তবে আমারদের মঙ্গল হইত কিন্তু আমারদের মঙ্গল হইবে ইহা জানিয়াও আমারদের প্রভু যে আমারদের সহিত একজন পথপ্রদর্শক পাঠান নাই ইহাতে আমার বড় আশ্চর্য্য বোধ হয়।

তাহাতে উপকারক কহিল যে অপ্রার্থিতবিষয় প্রদান করণে সর্ব্বসময় প্রয়োজনার্হ নয় পাছে তদ্রূপ দত্তদ্রব্য লঘুবিষয়ক বোধ হয় কিন্তু তদ্বিষয়ের প্রয়োজনজ্ঞ হইলে ঐ বিষয় তৎপ্রয়োজনজ্ঞ ব্যক্তির প্রতি বহুমূল্য হয় এবং পরেতে তদ্রূপ তদ্ব্যক্তিকর্তৃক ব্যবহার্য্য হয়। আমার প্রভু এক জন পথপ্রদর্শক যদি তোমারদিগকে প্রদান করিতেন তবে এইক্ষণে যদ্রূপ তদ্রূপ উপকারকপ্রার্থনাদোষবিষয়ে তোমরা এমত দুঃখী হইতা না। তাহাতে সর্ব্বঘটনাই যে তোমারদের মঙ্গলার্থে এবং অধিক সাবধানার্থে ইহা নিশ্চয় জান।

পরে খ্রীষ্টীয়ানী জিজ্ঞাসিল আমরা কি আমারদের প্রভুর স্থানে ফিরিয়া যাইয়া আত্মদোষ স্বীকার করিয়া একজন পথপ্রদর্শক যাচ্ঞা করিব।

তাহাতে উপকারক কহিল তোমারদের দোষস্বীকার আমি তাঁহার স্থানে উপস্থিত করিব ফিরিয়া যাওনে কোনো আবশ্যক নাই যেহেতুক তোমারদের গন্তব্য তাবৎস্থানে তোমারদের কোনো কিছুর অভাব হইবে না কেননা যাত্রিরদের আতিথ্যার্থে আমার প্রভুকর্তৃক প্রস্তুতীকৃত তাবৎ বাসাতে সর্ব্বাপদহইতে তাহারদিগের রক্ষার্থক প্রচুরবিষয় আছে কিন্তু যেমন কহিয়াছি তেমন আরো কহি যে তাহারদের অর্থে তৎকার্য্যকারিরদেরকর্তৃক তিনি জিজ্ঞাসিত হইবেন এবং জিজ্ঞাসাযোগ্যবিষয় অতিলঘু বিষয় এই কথা কহিয়া ঐ উপকারক স্বস্থানে ফিরিয়া গেল এবং যাত্রিরা স্বপথে অগ্রসর হইল।

অপর অনুগ্রহশীলা কহিল এ কি চমৎকারবিষয় আমি ভাবিয়াছিলাম যে আমরা সর্ব্বাপদ্ পার হইয়াছি এবং আমারদের আর দুঃখ হইবে না।

তাহাতে খ্রীষ্টীয়ানী অনুগ্রহশীলাকে কহিল হে আমার ভগিনী তোমার নির্দোষিতা তোমাকে বহুবিধ নির্দোষী করিতে পারে কিন্তু আমার দোষ অতিশয় যেহেতুক দ্বারহইতে নির্গমনপূর্ব্বে আমি এই আপদ্ দেখিয়া তন্নিমিত্তে সংস্থান করণে শক্তি থাকিলেও সংস্থান করিলাম না আমি অতিদূষ্য।

পরে অনুগ্রহশীলা জিজ্ঞাসিল বাটীহইতে নির্গমনপূর্ব্বে ইহা তুমি কেমন করিয়া জানিলা ইহার অভিপ্রায় আমাকে ভাঙ্গিয়া কহ দেখি।

খ্রীষ্টীয়ানী কহিল যে কহি দ্বারহইতে পাদবিক্ষেপপূর্ব্বে এক রাত্র শয্যায় শয়ন করত আমি এতদ্বিষয়ক এক স্বপ্ন দেখিলাম তাহাতে আমি ভাবিলাম যে এইতুল্য বদন লোকদ্বয়কে আমার পরিত্রাণ নিবারণার্থে সন্ধান করত আমার শয্যাসমীপে দণ্ডায়মান দেখিলাম। তাহারদের বাক্য আমি তোমাকে কহি সে সময় আমি দুঃখেতে মগ্না ছিলাম তাহাতে তাহারা কহিল আমারদের এই স্ত্রীলোককে লইয়া কি করা কর্ত্তব্য যেহেতুক জাগ্রতা বা নিদ্রিতা সে ক্ষমার্থে প্রার্থনা করে সে যেমত আরম্ভ করিয়াছে সেমত যদি সে করিতে পায় তবে তাহার স্বামিকে আমরা যেরূপ হারাইয়াছি তদ্রূপ ইহাকেও হারাইব। অতএব তুমি জান এই বাক্যে আমার সাবধান হওয়া এবং তদ্বিষয় সংস্থান করণোপযুক্ত কালে সংস্থান করা উচিত ছিল।

তাহাতে অনুগ্রহশীলা কহিল উত্তম এই ত্রুটিতে আমারদের দোষদর্শনার্থে এক বিষয় যেমন আমারদের প্রতি দত্ত হইয়াছে তেমন আমারদের প্রভু তাঁহার অনুগ্রহের বহমূল্যত্ব প্রকাশ কর

র্থে তদ্দ্বারা এক উপায় প্রাপ্ত হইয়াছেন যেহেতুক আমরা যেমন দেখিতেছি তেমন তিনি অপ্রার্থিত অনুগ্রহদ্বারা আমারদের পশ্চাদ্গামী হইয়া আত্মানুগ্রহপ্রযুক্ত আমারদের অপেক্ষা শক্তিমানেরদের হস্তহইতে আমারদিগকে মুক্ত করিয়াছেন।

অনন্তর কথোপকথন করত কিঞ্চিৎকালযাপনানন্তর পথপার্শ্বস্থ এক গৃহনিকটে তাহারা উপস্থিত হইতে লাগিল ঐ গৃহ যাত্রিরদের উপকারার্থে নির্ম্মিত হইাছিল। তাহা যাত্রিরদের বিবরণের প্রথম ভাগের ৩১ পৃষ্ঠ ইত্যাদি করিয়া বিস্তারিতরূপে নির্ণীত আছে। অপর তাহারা অর্থদায়কের গৃহসমীপবর্ত্তী হইতে লাগিল এবং দ্বারনিকটে উপস্থিত হইয়া গৃহমধ্যে বহুকথোপকথন শুনিল তাহাতে তাহারা কর্ণ পাতিয়া খ্রীষ্টীয়ানীবিষয়ে যে কথোপকথন করিতেছে এতদ্রূপ বোধ করিল। যেহেতুক হে পাঠক তোমার জ্ঞাত হওয়া কর্ত্তব্য যে খ্রীষ্টীয়ানীর এবং তাহার সন্ততিরদের যাত্রাবিষয়ের গপ্প তাহার পূর্ব্বেং প্রচার ছিল ইহাতে ঐ অর্থদায়কেরদের অতিসন্তোষ জন্মিয়াছিল যেহেতুক তাহারা শুনিয়াছিল যে সে খ্রীষ্টীয়ানের ভার্য্যা অর্থাৎ যে স্ত্রী পূর্ব্বেতে যাত্রা করণে বহু অসম্মতা ছিল। অতএব তাহারা চুপ করিয়া দাঁড়িয়া দ্বারেতে দণ্ডায়মানা অপরিচিত খ্রীষ্টীয়ানীবিষয়ে ঐ লোকেরদের প্রশংসা করিতে শুনিল। কিঞ্চিৎ পরে পূর্ব্বে দ্বারেতে যেমন করিয়াছিল তদ্রূপ খ্রীষ্টীয়ানী দ্বারেতে আঘাত করিল। পরে নির্দোষানাম্নী এক যুবতি কন্যা উপস্থিতা হইয়া দ্বার খুলিয়া দেখিল তাহাতে দেখ দুই স্ত্রীলোক সেস্থানে দণ্ডায়মানা।

অপর ঐ কন্যা তাহারকিগকে জিজ্ঞাসিল যে এই স্থানে কাহার সহিত তোমরা কথা কহিতে চাহ।

খ্রীষ্টীয়ানী উত্তর করিল আমরা শুনিয়াছি যে এই স্থান যাত্রিরদের কারণ নিরূপিত এবং আমরা এইক্ষণে এই দ্বারেতে যাত্রিরূপে দাঁড়িয়া আছি অতএব যাচ্ঞা করি যে আমরা এইক্ষণে যদি

মিত্তে আসিয়াছি তদুপভোগিনী হই যেহেতুক আপনি যেমন দে খিতেছেন বহু বেলাবসান হইয়াছে এবং আমরা অধিক দূর গম নেচ্ছুকা নহি।

পরে ঐ কন্যা জিজ্ঞাসিল যে তোমার নাম কি যে আমি ইহা অন্তরবাসি আমার প্রভুকে জ্ঞাত করাই।

খ্রীষ্টীয়ানী কহিল আমার নাম খ্রীষ্টীয়ানী কতক বৎসর পূর্ব্বে যে যাত্রী এই স্থান হইয়া গিয়াছিলেন আমি তাঁহার স্ত্রী এবং এইগুলিন তাঁহার চারি সন্ততি। এই কন্যাও আমার সহায়া এবং আমার সহিত যাত্রা করিতেছে।

তাহা শুনিয়া নির্দোষা অন্তরে দৌড়িয়া যাইয়া অন্তরস্থ লোকের দিগকে কহিল দ্বারেতে কে আছে ইহা কি তোমরা অনুমান করি তে পার সেইস্থানে খ্রীষ্টীয়ানী এবং তাহার সন্ততি এবং তাহার সহায়া এই সমস্ত অতিথি হওনার্থে দাঁড়িয়া আছে তাহাতে তা হারা আনন্দেতে লম্ফ দিয়া আপন কর্ত্তাকে জানাইল। তাহাতে তিনি দ্বারে আসিয়া তাহার উপরে দৃষ্টিপাত করিয়া জিজ্ঞাসিলেন খ্রীষ্টীয়ান যখন যাত্রিক বেশ ধারণ করিয়াছিল তখন সেই ভাল মানুষ যাহাকে ত্যাগ করিয়া গিয়াছিল তুমি কি সেই খ্রীষ্টীয়ানী।

তাহাতে খ্রীষ্টীয়ানী উত্তর করিয়া কহিল যে স্ত্রী আত্মস্বামির দুঃখ অল্পজ্ঞান করিয়াছিল এবং একাকি পথগমনে তাঁহাকে ত্যাগ করিয়াছিল এমন নিষ্ঠুরান্তঃকরণা স্ত্রী আমি এবং এগুলিন তাঁহার চারি সন্ততি কিন্তু এখন আমিও আসিয়াছি কেননা আমি নিশ্চয় জ্ঞাত হইয়াছি যে এ পথভিন্ন অন্য কোনো পথ যথার্থ নয়।

পরে অর্থদায়ক কহিলেন যে যেলোক আত্মপুত্রকে কহিয়াছিল যে অদ্য আমার দ্রাক্ষাক্ষেত্রে কার্য্য করণার্থে যাও তাহাতে সে

আত্মপিতাকে কহিল আমি যাইব না কিন্তু পরে পরামনন করিয়া গেল এতদ্বিষয়ে লিখিত বাক্য এইক্ষণে প্রত্যক্ষ হইয়াছে।

তাহাতে খ্রীষ্টীয়ানী কহিল তদ্রূপেই হউক। আমিন্। ঈশ্বর করুন যে আমার বিষয়ে ইহা সত্য হয় এবং সর্ব্বান্তে নিষ্কলঙ্ক এবং নির্দোষপূর্ব্বক আমি তৎকর্ত্তৃক কুশলে প্রাপ্তা হই।

পরে অর্থদায়ক কহিলেন কিন্তু তুমি কেন দ্বারেতে দাঁড়িয়া আছ হে অবরাহামের কন্যে অন্তরে আইস এইক্ষণে আমরা তোমাবিষয়ক কথোপকথন করিতে ছিলাম যেহেতুক তুমি যে যাত্রিণী হইয়াছ এতদ্বিষয়ক সম্বাদ পূর্ব্বে আমারদের এস্থানে পহুঁছিয়াছিল আইস সন্ততিরা অন্তরে আইস হে কন্যে অন্তরে আইস এতদ্রূপে তিনি তাহারদের সকলকে গৃহমধ্যে লইয়া গেলেন।

অপর তাহারা অন্তরে প্রবিষ্ট হইলে তাহারদিগকে কহা গেল যে বসুন এবং পরিশ্রম দূর করুন পরে যাত্রি সেবার্থে নিযুক্ত লোকেরা তাহারদের দর্শনার্থে কুঠরিমধ্যে আইল। এবং খ্রীষ্টীয়ানী যে যাত্রিণী হইয়াছে এতন্নিমিত্তে আহ্লাদপ্রযুক্ত একং জন করিয়া প্রত্যেকে হাস্যবদন হইয়া রহিল পরে তাহারা বালকেরদের প্রতি দৃষ্টি করিল এবং তাহারা যে সুগৃহীত হইয়াছিল তৎপ্রযুক্ত তাহারদের মুখে হাত বুলাইতে লাগিল এবং তাহারা অনুগ্রহশীলার প্রতিও শুভাচরণ করিল এবং সকলকে কহিল যে তোমরা আমারদের কর্ত্তার গৃহে স্বচ্ছন্দপূর্ব্বক প্রবাস কর।

অপর কিঞ্চিৎপরে যেহেতুক সে সময় রাত্রিভোজ প্রস্তুত হয় নাই ঐ অর্থদায়ক অভিপ্রায়বোধক কুঠরিসকলেতে লইয়া পূর্ব্বে খ্রীষ্টীয়ানীর স্বামী খ্রীষ্টীয়ানকর্ত্তৃক দৃষ্টবিষয় তাহারদিগকে দেখাইলেন। তাহাতে তাহারা পঞ্জরমধ্যে রক্ষিত মনুষ্যকে এবং স্বপ্নদর্শক ব্যক্তিকে এবং তাহার স্বপ্নকে এবং শত্রুমধ্যে তলোয়ারদ্বারা আত্ম পথ পরিষ্কারকারি মনুষ্যকে এবং সর্ব্বাপেক্ষা বৃহত্তমের ছবিকে

এবং তৎকালে খ্রীষ্টীয়ানের প্রতি অতিশয় লাভজনক অন্যং সমস্ত বিষয়কে দেখিল।

তৎপরে এবং খ্রীষ্টীয়ানী এবং তাহার সহায়েরা সে সকল বিষয়ে যৎকিঞ্চিৎ অনুধাবন করণানন্তর ঐ অর্থদায়ক তাহারদিগকে পুনর্ব্বার নিভৃতে লইয়া অধোদিগে দৃষ্টিকরণশক্তিবিনা অন্যদিগে দৃষ্টি করণে অক্ষম এবং বিষ্ঠা আঁকড়া হস্তে এক মনুষ্যস্থিত কুঠরিতে তাহারদিগকে প্রথমতঃ লইয়া গেলেন ঐ বিষ্ঠা আঁকড়ার পরীবর্ত্তনে স্বর্গীয়মুকুটদানেচ্ছুক এক জন ঐ মনুষ্যের মস্তকোপরি দণ্ডায়মান ছিল কিন্তু সেই মনুষ্য ঊর্দ্ধদৃষ্টি করিল না এবং তাহার বাক্যও মানিল না বরং মেজ্যেতে পতিত খড়তৃণইত্যাদি ঐ আঁকড়াদ্বারা আত্মনিকটে সংগ্রহ করিতেছিল।

তাহাতে খ্রীষ্টীয়ানী কহিল আমি বুঝি আমি ইহার যৎকিঞ্চিৎ অর্থ জ্ঞাতা আছি যেহেতুক তাহা এই সাংসারিক লোকের দৃষ্টান্ত হে মহাশয় তাহা কি নয় কহন দেখি।

অর্থদায়ক কহিলেন তুমি যথার্থ কহিয়াছ এবং তাহার বিষ্ঠা আঁকড়াদ্বারা তাহার সাংসারিকান্তঃকরণ দৃষ্ট হয়। এবং তুমি যেমন দেখিতেছ যে সে তৎপ্রতি ঊর্দ্ধহইতে আহ্বানকারি স্বর্গীয় মুকুটহস্তব্যক্তির বাক্যানুসারে না করিয়া বরং তৃণখড় এবং মেজ্যের ধূলি সংগ্রহ করণে মনোযোগ করিতেছে তাহা তেমন ইহা দর্শায় যে স্বর্গ কোনোং লোকপ্রতি ইতিহাসমাত্র এবং এই স্থানস্থ দ্রব্যেতে মাত্র সার। অতএব সে মনুষ্য যে অধোদিগবিনা অন্য কোনোদিগে দৃষ্টি করিতে পারে না ইহা যে তোমাকে দেখান গিয়াছিল তাহা তোমাকে এতদ্বিষয় জ্ঞাপনার্থে যে সাংসারিক বিষয় মনুষ্যের অন্তঃকরণকে মগ্ন করিলে তদ্দ্বারা তাহারদের অন্তঃকরণ ঈশ্বরহইতে নিঃশেষরূপে নীত হয়।

তাহাতে খ্রীষ্টীয়ানী কহিল যে হে ঈশ্বর আমাকে এই বিষ্ঠা আঁকড়াহইতে মুক্ত করুন।

অর্থদায়ক কহিলেন যে ঐ প্রার্থনা কলঙ্কবিশিষ্ট হওনপর্য্যন্ত এক কোণেতে পড়িয়া রহিয়াছে। আমাকে ধন দিও না এই প্রার্থনা সহস্রের মধ্যে প্রায় একেরও নাই। এইক্ষণে প্রায় সকলে কাষ্ঠ তৃণধূলি ইত্যাদি বড় বিষয়বৎ মানিয়া তচ্চেষ্টা করে।

তাহা শুনিয়া অনুগ্রহশীলা এবং খ্রীষ্টীয়ানী ক্রন্দন করিয়া কহিল যে হায় তাহা অতিসত্য।

অপর ঐ অর্থদায়ক ঐ বিষয় দর্শাওনানন্তর গৃহমধ্যে সর্ব্বাপেক্ষা উত্তমকুঠরিতে তাহারদিগকে লইয়া গেলেন ঐ কুঠরী অতিসাড়ম্বর পরে তিনি তাহারদিগকে কহিলেন চতুর্দ্দিগে দৃষ্টি করিয়া দেখ ভয়জনক কোনো দ্রব্য দেখিতে পাও কি না। তাহাতে তাহারা বারম্বার চতুর্দ্দিগে দৃষ্টি করিয়া দেখিল কিন্তু সেস্থানে ভিত্তিগাত্রে এক বৃহন্মাকড়সাব্যতিরেকে অন্য কিছু ছিল না এবং তাহাও তাহারা হঠাৎ দেখিতে পাইল না।

তাহাতে অনুগ্রহশীলা কহিল আমি কিছুই দেখিতে পাই না কিন্তু খ্রীষ্টীয়ানী তূষ্ণীভূতা হইয়া রহিল।

তাহাতে অর্থদায়ক কহিলেন কিন্তু পুনর্ব্বার দেখ তাহাতে সে পুনর্ব্বার দেখিয়া কহিল যে স্বহস্তপাদদ্বারা ভিত্তিগাত্রে লুণ্ঠমান এক কদর্য্যমাকড়সাভিন্না অন্য কিছু নাই তাহাতে তিনি জিজ্ঞাসিলেন যে এই বৃহৎ কুঠরীতে কি এই এক মাকড়সামাত্র আছে। তাহা শুনিয়া খ্রীষ্টীয়ানীর চক্ষু অশ্রুপূর্ণ হইল যেহেতুক সে অতিপ্রখর বুদ্ধিমতী স্ত্রী পরে সে কহিল হাঁ প্রভু একভিন্ন অনেক এস্থানে আছে এবং সে সকল মাকড়সার গরল তাহার গরলহইতে বহু সাংঘাতিক। তাহাতে অর্থদায়ক তাহার প্রতি শুভদৃষ্টি করিয়া কহিলেন তুমি যথার্থ কহিয়াছ তাহা শুনিয়া অনুগ্রহশীলা রক্তবদনা হইল এবং বালকেরা স্বস্বমুখাচ্ছাদন করিল যেহেতুক তাহারা সকলেই তদ্দৃষ্টান্তের অভিপ্রায় কিঞ্চিৎ২ জ্ঞাত হইতে লাগিল।

অপর অর্থদায়ক পুনর্ব্বার কহিলেন যে তোমরা যেমন দেখিতেছ

তেমন ঐ মাকড়সা স্বহস্তপাদদ্বারা ভিত্তিগাত্রে লাগিয়া থাকে এবং রাজাট্টালিকাতেও বসতি করে অতএব বক্ষ্যমাণবিষয় তোমারদের প্রতি দর্শাওনার্থে পূর্ব্বোক্তবিষয় নির্ণীত আছে বিশেষতঃ পাপরূপ গরলেতে তোমরা যেরূপিবা পরিপূর্ণ থাক প্রত্যয়ের হস্তদ্বারা ঊর্দ্ধবাসিরাজার নিবাসভিত্তিগাত্র ধরিয়া তাঁহার সর্ব্বাপেক্ষা উত্তম কুঠরিতে বসতি করিতে পার।

তাহাতে খ্রীষ্টীয়ানী কহিল এতদ্বিষয়ে আমি যৎকিঞ্চিৎ অনুমান করিয়াছিলাম কিন্তু সকল বুঝিতে পারি নাই আমি অনুমান করিলাম যে আমরা মাকড়সার ন্যায় এবং যেরূপিবা উত্তম কুঠরিতে থাকি সেই কুঠরিতে আমরা তদ্রূপ কদর্য্যাকারবৎ দৃষ্ট কিন্তু কদর্য্য এবং গরলবিশিষ্ট ঐ মাকড়সাদ্বারা আমারা যে প্রত্যয়ধারা শিক্ষা করি এবং সে যে স্বহস্তে কার্য্য করে এবং গৃহস্থ সর্ব্বাপেক্ষা উত্তম কুঠরিতে বসতি করে ইহা আমার বুদ্ধিতে প্রবিষ্ট হইল না। ঈশ্বর নিরর্থক কোনো কিছু নির্ম্মাণ করেন নাই।

তাহা দেখিয়া তাহারা সকলে আহ্লাদিত হইল কিন্তু তাহারদের চক্ষুতে অশ্রু দাঁড়াইল তথাপি তাহারা এক জন অন্যের প্রতি দৃষ্টি করিয়া অর্থদায়কের সম্মুখে দণ্ডবৎপ্রণাম করিতে লাগিল।

অপর সশাবক কুক্কুটীবিশিষ্ট অন্য এক কুঠরিতে লইয়া তিনি তাহারদিগকে কিঞ্চিৎকাল অনুধাবন করিতে কহিলেন পরে এক শাবক জলপানার্থে পাত্রনিকটে যাইয়া প্রতিপানসময়ে স্বর্গদিগে আপন মস্তক তুলিয়া দৃষ্টি করিতে লাগিল তাহাতে তিনি কহিলেন এই ক্ষুদ্র শাবক কি করে তাহা দেখ এবং ঊর্দ্ধদৃষ্টিপূর্ব্বক গ্রহণদ্বারা আপনারদের অনুগ্রহ কোথাহইতে আইসে ইহা তাহার স্থানে শিক্ষা করিয়া স্বীকৃত হও। পুনরপি তিনি কহিলেন যে দৃষ্টি করিয়া অনুধাবন কর তাহাতে তাহারা মনোযোগ করিয়া দেখিল যে সে কুক্কুটী চতুর্ব্বিধশব্দ করিয়া স্বশাবকপ্রতি গমন করিল প্রথ